


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭২ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

JAGARAN ■ 72 Years ■ Issue-199 ■ 20 April, 2026 ■ আগরতলা ২০ এপ্রিল, ২০২৬ ইং ■ ৬ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## সন্ত্রাসের ঘটনায় আটক মথার কর্মীদের মুক্তির দাবিতে খোয়াইয়ে সড়ক অবরোধ

### জনদুর্ভোগ চরমে





**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ এপ্রিল** ।। নির্বাচনোত্তর সন্ত্রাসের ঘটনাকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠল খোয়াই মহকুমা। ঘটনায় কয়েকজনকে পুলিশ আটক করতেই প্রতিবাদে পথে নামেন তিপ্রা মথা সমর্থিতরা। এর জেরে খোয়াই-কমলপুর সড়কের বেহালাবাড়ি এলাকা এবং খোয়াই-আগরতলা জাতীয় সড়কের ছনখলা এলাকায় অবরোধ গড়ে তোলা হয়।

স্থানীয় সূত্রে জানা যায়, চাম্পাহাওর থানা এবং বাইজালবাড়ি থানা এলাকায় পৃথক দুটি ঘটনার পর পুলিশি পদক্ষেপে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এরই প্রতিবাদে হঠাৎ করেই গুরুত্বপূর্ণ দুটি জাতীয় সড়ক অবরোধ করে দেন বিক্ষোভকারীরা।

ফলে মুহূর্তের মধ্যেই স্তব্ধ হয়ে পড়ে যান চলাচল।

এই অবরোধের জেরে চরম ভোগান্তির শিকার হন সাধারণ মানুষ।

বিশেষ করে বিমান যাত্রী, জরুরি চিকিৎসার জন্য যাতায়াতকারী রোগী এবং নিত্যদিনের যাত্রীবাহী যানবাহনগুলো দীর্ঘক্ষণ রাস্তায় আটকে পড়ে।

বহু মানুষ নির্দিষ্ট সময়ে গন্তব্যে পৌঁছাতে না পেরে চরম অসুবিধার সম্মুখীন হন।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বিশাল পুলিশ বাহিনী। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালানো হচ্ছে বলে প্রশাসন সূত্রে জানা গেছে। তবে এই ঘটনাকে ঘিরে এলাকায় এখনও উত্তেজনা বিরাজ করছে।

## মহিলা সংরক্ষণ বিল আটকে দেওয়ায় ষড়যন্ত্রের মূল্য দিতে হবে তৃণমূলকে ঃ মোদি

**কলকাতা, ১৯ এপ্রিল (আইএএনএস)**।। মহিলা সংরক্ষণ (সংশোধনী) বিল লোকসভায় আটকে দেওয়ার ষড়যন্ত্রে কংগ্রেস ও অন্যান্য বিরোধী দলের সঙ্গে তৃণমূল কংগ্রেস জড়িত ছিল বলে অভিযোগ করে আসন্ন বিধানসভা নির্বাচনে তার মূল্য দিতে হবে বলে মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

রবিবার দার্জিলিং জেলায় এক নির্বাচনী জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, "পশ্চিমবঙ্গের মা-বোনেরা এর জবাব দেবে। সংসদে আমরা যা দেখেছি, তাতে স্পষ্ট তৃণমূল কংগ্রেস আবারও বাংলার মহিলাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। তারা চায় না, বাংলার মহিলারা বেশি সংখ্যায় বিধায়ক বা সাংসদ হোন। কারণ, বাংলার মহিলারাই তৃণমূলের অপশাসনের বিরুদ্ধে চ্যালেঞ্জ ছুড়ছেন।"

জনসভায় প্রধানমন্ত্রী তৃণমূল কংগ্রেস ও রাজ্য সরকারের বিরুদ্ধে আদিবাসী জনগোষ্ঠীর সমস্যা ও দাবি উপেক্ষা করার অভিযোগও তোলেন। তাঁর কথায়, "তৃণমূল কংগ্রেসের কাছে আদিবাসীদের কথা শোনার সময় নেই, কিন্তু অবৈধ অনুপ্রবেশকারীদের কথা শোনার সময় রয়েছে। নিজেদের ভোটব্যাঙ্ক রক্ষার জন্য তারা সাংবিধানিক ব্যবস্থাকে এড়িয়ে যেতে চায়। এ কারণে হাইকোর্ট একাধিকবার তাদের ভর্ৎসনা করেছে, তবুও তারা আদালতের কথা শোনে না।"

তিনি আরও বলেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু-র সাম্প্রতিক পশ্চিমবঙ্গ সফরে অপমানের ঘটনাও তৃণমূলের আদিবাসী বিরোধী মনোভাবের প্রমাণ।

☞ ৬ এর পাতায় দেখুন

## প্রচারের ফাঁকে রাস্তায় ঝালমুড়ি খেলেন প্রধানমন্ত্রী



*রবিবার পশ্চিমবঙ্গের ঝাড়গ্রামে নির্বাচনী প্রচারে অংশ নিয়ে জনসম্পর্ক অভিযানে ঝালমুড়ি খাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।*

**কলকাতা, ১৯ এপ্রিল (আইএএনএস)** ।। নির্বাচনী প্রচারের ব্যস্ত সূচির মাঝেই ঝাড়গ্রামে হঠাৎ থেমে জনপ্রিয় বাঙালি স্ট্রিট ফুড ঝালমুড়ির স্বাদ নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

রবিবার পশ্চিমবঙ্গে চারটি নির্বাচনী সভা করতে এসে ঝাড়গ্রামে একটি স্থানীয় দোকানে আচমকা থামেন তিনি। সেখানে ঝালমুড়ি খেতে খেতে স্থানীয় মানুষের সঙ্গে কথাবার্তা ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যজুড়ে নির্বাচনোত্তর সন্ত্রাস নিয়ে কড়া পদক্ষেপের হুঁশিয়ারি বিজেপির



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ এপ্রিল** ।। ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদ (এডিসি) নির্বাচনের ফলাফল ঘোষণার পর রাজ্যের বিভিন্ন প্রান্তে সহিংসতার অভিযোগ ঘিরে রাজনৈতিক পরিস্থিতি ক্রমশ উত্তপ্ত হয়ে উঠেছে। বিজেপির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, ফল প্রকাশের পর তাদের দলীয় কর্মী-সমর্থকদের ওপর পরিকল্পিতভাবে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছে।

দলের দাবি অনুযায়ী, রাজ্যের একাধিক এলাকায় বিজেপি কর্মীদের বাড়িঘরে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে এবং ব্যাপক ভাঙচুরের ঘটনা ঘটেছে। এই পরিস্থিতিতে বহু কর্মী-সমর্থক নিরাপত্তার অভাবে ঘরবাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে বাধ্য হয়েছেন বলে অভিযোগ। ঘটনাগুলিকে কেন্দ্র করে সাধারণ মানুষের মধ্যেও আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে।

রবিবার এক সাংবাদিক সম্মেলনে সাংসদ রাজীব ভট্টাচার্য এই ঘটনাগুলির তীব্র নিন্দা জানিয়ে বলেন, "গণতান্ত্রিক পরিকাঠামোর মধ্যে এই ধরনের সহিংসতা সম্পূর্ণ অগ্রহণযোগ্য। দোষীদের চিহ্নিত করে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা উচিত।" তিনি আরও জানান, বিষয়টি নিয়ে শীঘ্রই রাজ্য পুলিশের মহা নির্দেশকের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানানো হবে। গোটা ঘটনায় তিপ্রা মথার বিরুদ্ধে হুশিয়ারি দিয়েছেন প্রদেশ সভাপতি। তাঁর কথায়, দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থার দাবি জানানো হয়েছে প্রশাসনের নিকট। নিরীহ জনগণের উপর যারা হামলা চালিয়েছে তাদের নিস্তার দেওয়া হবে না। ☞ ৬ এর পাতায় দেখুন

## সন্ত্রাস নিয়ন্ত্রণে সক্রিয় প্রশাসন ঃ ডিজিপি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ এপ্রিল** ।।এডিসি নির্বাচনের ভোট গণনা পরবর্তী সময়ে রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষিপ্ত সন্ত্রাসের ঘটনা সামনে আসে। এই ঘটনাগুলিকে ঘিরে সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ সৃষ্টি হলেও পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে বলে আশ্বস্ত করেছেন রাজ্য পুলিশের মহা নির্দেশক অনুরাগ ধনকর।

রবিবার আগরতলার পশ্চিম থানায় পরিদর্শন শেষে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে তিনি জানান, ভোট গণনার পর যেসব এলাকায় অশান্তির ঘটনা ঘটেছিল, সেগুলিতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। পুলিশ প্রশাসন সক্রিয়ভাবে কাজ করে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক করতে সক্ষম হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি আরও জানান, যেসব ব্যক্তি রাজনৈতিক সন্ত্রাসে জড়িত ছিল, তাদের মধ্যে কয়েকজনকে ইতিমধ্যেই গ্রেফতার করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং ভবিষ্যতেও এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কঠোর নজরদারি চালানো হবে বলে স্পষ্ট করেন তিনি।

এছাড়াও সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে রাজ্য পুলিশের মহা নির্দেশক বলেন, শিলাছড়ি

☞ ৬ এর পাতায় দেখুন

## এবার বদলাবে বাংলা ঃ মন্ত্রী রতন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ এপ্রিল** ।। ত্রিপুরার বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ আজ পশ্চিমবঙ্গের শ্যামপুকুর বিধানসভা কেন্দ্রের নির্বাচনী কার্যালয়ে এক গুরুত্বপূর্ণ সাংগঠনিক বৈঠকে যোগ দিয়েছেন।

সেখানে তিনি দলীয় কর্মীদের সঙ্গে বৈঠক করে আগামী বিধানসভা নির্বাচনে জয়লাভের কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

বিদ্যুৎ মন্ত্রী, বিজেপি প্রার্থী পূর্ণিমা চক্রবর্তীর সমর্থনে কার্যকর্তাদের সঙ্গে ভোটের কৌশল, বুথ ম্যানেজমেন্ট ও জনসংযোগ কর্মসূচি নিয়ে সুস্পষ্ট পরিকল্পনা গ্রহণ করেন। বৈঠকে কর্মীদের উদ্যম ও নিষ্ঠার ভূয়সী প্রশংসা করেন তিনি। পরে মন্ত্রী বলেন পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের মধ্যে যে উচ্ছ্বাস ও পরিবর্তনের আকাঙ্ক্ষা দেখছি, তা সত্যিই আশাব্যঞ্জক। তিনি বলেন বাংলার মানুষ এবার উন্নয়নের পথেই এগোতে প্রস্তুত। আমার দৃঢ় বিশ্বাস, এই উৎসাহই বঙ্গে নতুন অধ্যায়ের সূচনা করবে। ☞ ৬ এর পাতায় দেখুন




### সততার দৃষ্টান্ত !

## রাস্তায় পাওয়া আড়াই লাখ টাকার ব্যাগ মালিককে দিলেন ব্যবসায়ী নির্মল



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ এপ্রিল** ।। প্রায় ২.৫ লক্ষ টাকার একটি ব্যাগ রাস্তায় পেয়ে সঠিক মালিকের হাতে ফিরিয়ে দিয়ে সততার অনন্য নজির স্থাপন করলেন নির্মল রুদ্র পাল। ঘটনাটি উত্তর চেবরী এলাকায় ব্যাপক সাড়া ফেলেছে।

জানা যায়, গত ১৫ তারিখ উত্তর চেবরীর ব্যবসায়ী নির্মল রুদ্র পাল তার দোকানের নিকটবর্তী রাস্তায় একটি ব্যাগ পড়ে থাকতে দেখেন। তিনি ব্যাগটি তুলে নিজের দোকানে নিয়ে আসেন এবং মালিকের সন্ধানে উদ্যোগী হন। পরবর্তী ৪-৫ দিন ধরে তিনি বিভিন্ন মাধ্যমে খবর ছড়িয়ে দেন, যাতে প্রকৃত মালিক উপযুক্ত প্রমাণসহ ব্যাগটি সংগ্রহ করতে পারেন।

অবশেষে খোঁজাখুঁজির পর ব্যাগটির মালিকের সন্ধান মেলে। মালিক সুপর্ণা দাস, বাড়ি গনকী। উভয় পক্ষের মধ্যে যাচাই-বাছাইয়ের পর নিশ্চিত হওয়া যায় যে ব্যাগটি তাঁরই। এরপর নির্মল রুদ্র পাল ব্যাগটি মালিকের হাতে তুলে দেন।

জানা গেছে, ব্যাগটির মধ্যে ছিল প্রায় ☞ ৬ এর পাতায় দেখুন

## বেকারত্ব, নারী নিরাপত্তা সহ একাধিক ইস্যুতে সরকারকে তোপ দাগলো কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ এপ্রিল** ।। বিভিন্ন জাতীয় ইস্যুতে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তীব্র সমালোচনা করে সাংবাদিক সম্মেলন করল প্রদেশ কংগ্রেস। এদিন দলের পক্ষ থেকে বিস্তারিত বক্তব্য তুলে ধরেন প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী।


সাংবাদিক সম্মেলনে তিনি দাবি করেন, গত এক দশকেরও বেশি সময়ে দেশে বেকারত্ব উদ্বেগজনক হারে বেড়েছে। তাঁর বক্তব্য অনুযায়ী, বর্তমানে বেকারত্বের হার প্রায় ৪৫ শতাংশের কাছাকাছি পৌঁছেছে, যার মধ্যে শিক্ষিত যুবকদের একটি বড় অংশ রয়েছে, বিশেষত ১৫ থেকে ২৯ বছর বয়সীদের মধ্যে।

কংগ্রেসের অভিযোগ, কর্মসংস্থানমুখী শিল্প বন্ধ হয়ে যাওয়ার ফলে শ্রমিক ছাঁটাই বেড়েছে, এমনকি তথ্যপ্রযুক্তি ক্ষেত্রেও তার প্রভাব পড়েছে। কৃষিক্ষেত্রে গভীর সংকটের কথা তুলে ধরে তিনি দাবি করেন, প্রতিদিন গড়ে বহু কৃষক আত্মহত্যা করছেন।

মূল্যবৃদ্ধির প্রসঙ্গ টেনে প্রবীর চক্রবর্তী বলেন, সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় বহুগুণ বেড়ে গেছে। ২০১৩ সালের তুলনায় গ্যাস, পেট্রোল, ডিজেলসহ

☞ ৬ এর পাতায় দেখুন

## বৃদ্ধার রহস্য মৃত্যু, চাঞ্চল্য



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ এপ্রিল** ।। নিজ ঘর থেকে এক বৃদ্ধার মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকায়। ক্যাম্পের বাজারের নন্দী টিলা এলাকায় লক্ষ্মী কর্মকার (৮০) নামে এক বৃদ্ধার মৃতদেহ উদ্ধার হয়েছে। জানা গেছে, তিনি নিজের বাড়িতে একাই বসবাস করতেন। তাঁর তিন মেয়ে ও তিন ছেলে অন্যত্র থাকেন। রবিবার সকালে বাড়ি থেকে কোনো সাড়া না পেয়ে এক প্রতিবেশী ঘরে প্রবেশ করে তাঁকে অচৈতন্য অবস্থায় পড়ে থাকতে দেখেন। সঙ্গে সঙ্গে পরিবারের সদস্যদের খবর দেওয়া হয়। পরে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ
আগরতলা, ২০ এপ্রিল, ২০২৬ ইং
৬ বৈশাখ, সোমবার, ১৪৩৩ বঙ্গাব্দ

## এনার্জি ড্রিঙ্ক'ও ঠান্ডা পানীয় নীরব ঘাতক

২০-৩০ বছর বয়সিদের মধ্যে লিভারের অসুখ হঠাৎ করিয়াই বাড়িতেছে। আগে যাহা দো যাইত বয়স্কদের মধ্যে, এখন সেটাই কম বয়সেও হইতেছে । তরুণ প্রজন্মের অনেকেই পানীয়ের বিপদ সম্পর্কে উদাসীন। সচেতনতার অভাবই বিপদ ডাকিয়া আনিতেছে।'বর্তমানে আমাদের জীবনযাত্রায় ঠান্ডা পানীয়  এবং এনার্জি ড্রিংকস এতটাই মিশিয়া গেছে যে, আমরা এর দীর্ঘমেয়াদী ক্ষতিগুলো ভুলিয়া যাই। চিকিৎসাবিজ্ঞানের ভাষায় বলিতে গেলে, এগুলো লিভারের জন্য একটি "নীরব ঘাতক" ।বেশিরভাগ ঠান্ডা পানীয় ও এনার্জি ড্রিংকসে প্রচুর পরিমাণে ফ্রুক্টোজ  বা "হাই ফ্রুক্টোজ কর্ন সিরাপ" ব্যবহার করা হয় ।আমাদের শরীরের প্রতিটি কোষ গ্লুকোজ ব্যবহার করিতে পারিলেও, ফ্রুক্টোজ কেবল লিভারই প্রসেস করিতে পারে ।অতিরিক্ত ফ্রুক্টোজ লিভার গ্রহণ করিতে না পারিয়া সরাসরি চর্বিতে রূপান্তর করে। এসব পানীয়তে থাকা অতিরিক্ত চিনি রক্তে ইনসুলিনের মাত্রা বাড়াইয়া দেয়। দীর্ঘ সময় ধরিয়া এটি চলিলে লিভারে প্রদাহ সৃষ্টি হয়, যাহা পরে লিভার সিরোসিস বা লিভার ক্যান্সারের ঝুঁকি বাড়াইয়া দেয় ।এনার্জি ড্রিংকসে শুধু চিনি নয়, থাকে অত্যধিক মাত্রায় ক্যাফেইন এবং বিভিন্ন হার্বাল স্টিমুল্যান্ট ।অতিরিক্ত ক্যাফেইন এবং কৃত্রিম উপাদানগুলো লিভারের ওপর বাড়তি চাপ সৃষ্টি করে, যাহা লিভারের এনজাইম অস্বাভাবিক করিয়া তুলিতে পারে ।এনার্জি ড্রিংকস শরীরকে জলশূন্য করিয়া ফেলে, যাহা পরোক্ষভাবে লিভারের স্বাভাবিক কার্যক্ষমতা কমাইয়া দেয় ।তৃষ্ণা মেটাইতে ঠান্ডা পানীয়র বদলে ডাবের জল, লেবুর শরবত (চিনি ছাড়া) বা সাধারণ পানি পান করুন ।কোনো পানীয় কিনিবার আগে তাহার সুগার কন্টেন্ট দেখে নিন। মনে রাখিবেন, সুগার ফ্রি মানেই কিন্তু স্বাস্থ্যকর নয়, কারণ সেখানে থাকা কৃত্রিম সুইটনারও লিভারের জন্য ক্ষতিকর হইতে পারে ।শরীর থেকে টক্সিন বের করিতে প্রতিদিন অন্তত ৩-৪ লিটার জল পান করুন ।লিভারে জমে থাকা চর্বি কমাইতে প্রতিদিন অন্তত ৩০ মিনিট ঘাম ঝরানো শরীরচর্চা করুন ।অনেকেই মনে করেন শুধু মদ্যপান করলেই লিভার নষ্ট হয়। কিন্তু বর্তমান গবেষণায় দেখা গেছে, অতিরিক্ত চিনিযুক্ত পানীয় পান করিবা ফলেও একই ধরনের লিভার ড্যামেজ হইতে পারে।

গরমের দিনে তেষ্টা মেটাইতে পানীয় চাই। আছে কার্বোনেটেড ঠান্ডা পানীয়। ক্লান্ত শরীরে দ্রুত শক্তি জোগাইতে হাতের কাছেই হাজির 'এনার্জি ড্রিঙ্ক'ও। সবই যখন হাতের মুঠোয়, গলায় ঢালতে অসুবিধা কোথায় ?রকমারি পানীয়ের প্রলোভনেই বাড়িতেছে বিপদ! সাম্প্রতিক একাধিক রিপোর্টে স্পষ্ট, এই ধরনের পানীয়ের জেরেই অপেক্ষাকৃত কম বয়সিদের মধ্যে বাড়িতেছে লিভারের অসুখ। দেখা দিতেছে হেপাটাইটিস। আর তাহাতেই উদ্বিগ্ন চিকিৎসকমহল।

এনার্জি ড্রিংক, অ্যালকোহল এবং চিনিযুক্ত পানীয় ঘন ঘন খাওয়ার ফলে লিভারের কার্যকারিতা নষ্ট
হইতেছে। বাড়িতেছে ফ্যাটি লিভারের মতো অসুখ। বিপদ ঘনাইতেছে , কোনও রকম নিয়ন্ত্রণ ছাড়াই যখন ইচ্ছা তখন এমন পানীয়ে চুমুক দেওয়ায়।

এনার্জি ড্রিংক থেকে কার্বোনেটেড পানীয়, নানা স্বাদে নানা মোড়কে বিক্রি হইতেছে দোকান থেকে অনলাইনে। থাকিতেছে আকর্ষণীয় ছাড়ও। এমন ঠান্ডা পানীয়ের প্রতি ছোট থেকে বড় আকর্ষণ সকলেরই। অনেকেরই ধারণা, পেট আইঢাই করিলে এমন পানীয়ে চুমুক দিলেই মিলিবে উপকার। এতে সাময়িক স্বস্তি মিলিলেও চিকিৎসকেরা মনে করাইতেছেন , অতিরিক্ত খাইলে ক্ষতি হইতে পারে লিভারের। দুশ্চিন্তার কারণ, কার্বোনেটেড পানীয়ের সঙ্গে মিশাইয়া মদ্যপানও। তরুণ প্রজন্মের এমন প্রবণতাই বিপদ বাড়াইতেছে  বলিয়া মনে করিতেছেন চিকিৎসকেরা ।চিকিৎসকেরা বলিতেছেন, লিভার এমন একটি প্রত্যঙ্গ, যাহার প্রধান কাজই হইল, শারীরবৃত্তীয় প্রক্রিয়ায় উৎপাদিত টক্সিন বা দূষিত পদার্থগুলিকে বার করিয়া দেওয়া। লিভারে বেশি ফ্যাট জমিলে, শরীরের টক্সিন নষ্ট হইতে পারে না, লিভারের মধ্যে জমিতে শুরু করে। ইনসুলিন রিসেপ্টর ঠিকমতো কাজ না করায় ইনসুলিন রেজিট্যান্স তৈরি হয়। মোদ্দা কথায়, লিভারের সমস্যা সামান্য অবহেলায় হইয়া উঠিতে পারে বিপজ্জনক, এমনকি প্রাণঘাতীও।   অতিরিক্ত এনার্জি ড্রিংক খাওয়ার ফলে হেপাটাইটিসের মতো অসুখ বাড়িতেছে, আচমকাই মাত্রা বাড়িয়া যাইতেছে  নিয়াসিন বা ভিটামিন বি ৩-এর , যাহার ফলে তৈরি
হইতেছে হেপাটোটক্সিসিটি। চিনি, রাসায়নিক-সহ নানা ধরনের ফ্লেভার মিশ্রিত এনার্জি ড্রিংক এর কারণ। এই ধরনের পানীয় লিভারে চর্বির মাত্রা বাড়াইয়া দিতে পারে। অক্সিডেটিভ স্ট্রেস এবং প্রদাহের কারণেও নেপথ্যে থাকে পানীয়ের নানাবিধ উপকরণ। নিয়ম করিয়া তাহা শরীরে গেলে লিভারের ক্ষতি অনিবার্য ।চিকিৎসকেরা বলিতেছেন, নিয়ম করিয়া এই ধরনের পানীয় এবং তাহা যদি অ্যালকোহলের সঙ্গে খাওয়া হয়, সঙ্গে থাকে ভাজাভুজি, ক্ষতির মাত্রা আরও কয়েক গুণ বাড়িয়া যায়। অ্যালকোহল না খাইলেও, নিয়ম করিয়া এই ধরনের পানীয় এবং অস্বাস্থ্যকর খাবার খাওয়ার প্রবণতা ফ্যাটি লিভারের ঝুঁকি বাড়াইয়া দিতে পারে।  দেশের শহরাঞ্চলের বাসিন্দাদের মধ্যে অন্তত ২৫-৩০ শতাংশই ফ্যাটি লিভারের সমস্যায় ভুগিতেছেন।

## সরকারি যন্ত্রকে রাজনৈতিক প্রচারে ব্যবহার, মোদীর বিরুদ্ধে অভিযোগ মমতার

কলকাতা, ১৯ এপ্রিল (আইএএনএস): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারি যন্ত্রকে রাজনৈতিক প্রচারের কাজে ব্যবহার করেছেন বলে অভিযোগ তুললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

রবিবার হুগলির তারকেশ্বরে এক নির্বাচনী সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, "গতকাল সরকারি যন্ত্রকে বিজেপির প্রচারের জন্য অপব্যবহার করা হয়েছে। আমরা এর তীব্র নিন্দা করছি এবং নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানাব। এটি নির্বাচনী আচরণবিধির স্পষ্ট লঙ্ঘন।"

শনিবার জাতির উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী বিরোধীদের কড়া আক্রমণ করে মন্তব্য করেছিলেন, দেশের মহিলারা তাদের 'অপরাধের শাস্তি' দেবে। সেই প্রসঙ্গ টেনে মুখ্যমন্ত্রী বলেন, "আপনাকে দেশের মানুষের কাছে জবাব দিতে হবে যে আপনি নিজের দলের জন্য বেআইনি প্রচার করছেন।"

মমতা বন্দ্যোপাধ্যায় আরও প্রশ্ন তোলেন, "২০২৩ সালের সেপ্টেম্বরে মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ার পরেও কেন তা এখনও কার্যকর করা হয়নি?"

তিনি অভিযোগ করেন, কেন্দ্র সরকার লোকসভায় মহিলা সংরক্ষণ বিলের সঙ্গে ডিলিমিটেশন বিল যুক্ত করেছে। তাঁর কথায়, "প্রয়োজনীয় সংখ্যা না থাকা সত্ত্বেও তারা বিল আনতে সাহস দেখিয়েছে এবং লোকসভায় পরাজয়ের মুখে পড়েছে। বিজেপির পতন শুরু হয়ে গিয়েছে।"

সভা থেকে রাজ্যের উন্নয়নমূলক কাজের কথাও তুলে ধরেন মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন। তিনি দাবি করেন, "লোকসভাতেই রায় দিয়ে দিয়েছে মানুষ। এই সরকার আর টিকবে না, পতন শুরু হয়ে গিয়েছে।"

# আধুনিক শারীরবিদ্যার জনক উইলিয়াম হার্ভের রক্তসঞ্চালনের যুগান্তকারী ঘটনা

কাজী আকাশ

প্রায় চার শ বছর আগের কথা। কারো প্রচণ্ড জ্বর, মাথাব্যথা বা কোনো বড় অসুখ হলে চিকিৎসকেরা এক অদ্ভুত কাজ করতেন। ধারালো ছুরি দিয়ে রোগীর হাত বা পা কেটে গলগল করে রক্ত বের করে দিতেন! এই ভয়ংকর পদ্ধতির নাম ছিল ব্লাডলেটিং। সে যুগে মানুষের বদ্ধমূল ধারণা ছিল, আমাদের শরীর প্রতিনিয়ত নতুন রক্ত তৈরি করে। অসুস্থ হওয়ার মূল কারণও শরীরে জমে থাকা খারাপ রক্ত। তাই সেই খারাপ রক্ত শরীর থেকে বের করে দিলেই রোগী সুস্থ হয়ে উঠবে! প্রায় ১ হাজার ৪০০ বছর ধরে পুরো পৃথিবীর বড় বড় চিকিৎসক এই ভুল ধারণাটিকেই অন্ধের মতো বিশ্বাস করে আসছিলেন। প্রাচীন গ্রিক চিকিৎসক গ্যালেন প্রথম এই তত্ত্ব দিয়েছিলেন। তাঁর মতে, আমাদের যকৃৎ মানুষের খাওয়া খাবার থেকে প্রতিনিয়ত রক্ত তৈরি করে এবং সেই রক্ত আমাদের শরীরের শিরা-উপশিরা দিয়ে বিভিন্ন অঙ্গে পৌঁছে যায়। অঙ্গগুলো সেই রক্তকে জ্বালানির মতো ব্যবহার করে। অর্থাৎ, দেহে রক্ত তৈরি হয়, ব্যবহৃত হয় এবং শেষ হয়ে যায়।

গ্যালেনের এই ধারণার ওপর ভিত্তি করেই শতাব্দীর পর শতাব্দী চলছিল চিকিৎসাবিজ্ঞান। এমনকি চিকিৎসাবিজ্ঞানের অন্যতম শ্রেষ্ঠ বই ইবনে সিনার দ্য ক্যানন অব মেডিসিন- এ শরীরবৃত্তীয় অনেক নিখুঁত বর্ণনা থাকার পরও গ্যালেনের মূল ধারণার বাইরে তখনো খুব বেশি যাওয়া সম্ভব হয়নি। ইবনে সিনার লেখা চিকিৎসাবিজ্ঞানের অন্যতম শ্রেষ্ঠ বই দ্য ক্যানন অব মেডিসিনছবি: উইকিপিডিয়া তবে ১৩ শতকে ইবনে আল- নাফিস নামে আরেক প্রতিভাবান আরব বিজ্ঞানী প্রথমবারের মতো প্রমাণ করেছিলেন, রক্ত হৃৎপিণ্ড থেকে ফুসফুসে যায় এবং সেখানে বাতাস থেকে বিশুদ্ধ হয়ে আবার হৃৎপিণ্ডে ফিরে আসে। কিন্তু ইউরোপীয় চিকিৎসকদের কাছে তাঁর সেই যুগান্তকারী আবিষ্কার তখনো পৌঁছায়নি। গ্যালেনের সেই প্রাচীন এবং ভুল ধারণার বিশাল পাহাড় যিনি একা হাতে ভেঙে গুঁড়িয়ে দিয়েছিলেন, তিনি আধুনিক শারীরবিদ্যার জনক উইলিয়াম হার্ভে। আজ ১ এপ্রিল, এই মহান বিজ্ঞানীর জন্মদিন। চলুন, আজ এই বিজ্ঞানীর আবিষ্কার এবং তাঁর জীবনের গল্প জেনে নিই! ১৩ শতকে ইবনে আল-নাফিস নামে প্রতিভাবান আরব বিজ্ঞানী প্রথমবারের মতো প্রমাণ করেছিলেন, রক্ত হৃৎপিণ্ড থেকে ফুসফুসে যায় এবং সেখানে বাতাস থেকে বিশুদ্ধ হয়ে আবার হৃৎপিণ্ডে ফিরে আসে।

দুই

১৫৭৮ সালের ১ এপ্রিল ইংল্যান্ডের ফোকস্টোন শহরের এক সচ্ছল পরিবারে জন্মগ্রহণ করেন উইলিয়াম হার্ভে। ছোটবেলা থেকেই তাঁর চারপাশে ঘটে যাওয়া সাধারণ জিনিসগুলো নিয়ে কৌতূহলের কোনো শেষ ছিল না। কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করে ১৫৯৯ সালে তিনি পাড়ি জমান ইতালির পাদুয়া বিশ্ববিদ্যালয়ে। সে যুগে পাদুয়া বিশ্ববিদ্যালয় ছিল পুরো ইউরোপের চিকিৎসাবিজ্ঞান এবং গবেষণার সবচেয়ে বড় কেন্দ্র। হার্ভে যখন সেখানে চিকিৎসাবিজ্ঞান পড়ছিলেন, ঠিক সেই সময়েই পাদুয়া বিশ্ববিদ্যালয়ে গণিত ও জ্যোতির্বিজ্ঞানের অধ্যাপক হিসেবে ক্লাস নিতেন আধুনিক বিজ্ঞানের জনক গ্যালিলিও গ্যালিলি! তিনিও তখন চারপাশের প্রকৃতিকে গণিতের চোখে দেখা এবং পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে প্রমাণ করার এক নতুন যুগ শুরু করেছিলেন। গ্যালিলিওর এই যৌক্তিক এবং পরীক্ষামূলক চিন্তাধারা হার্ভের মনে গভীরভাবে দাগ কেটেছিল। পাদুয়ার এই বিশ্ববিদ্যালয়ে হার্ভের অ্যানাটমি শিক্ষক ছিলেন জিরোলামো ফ্যাব্রিচি। তিনি মানুষের শরীরের শিরা-উপশিরা নিয়ে গবেষণা করতে গিয়ে একটি অদ্ভুত জিনিস আবিষ্কার করেছিলেন। তিনি দেখেছিলেন, মানুষের শিরার ভেতরে ছোট ছোট কপাটিকা আছে।

কপাটিকা আবার কী জিনিস? ধরুন, এমন একটি দরজা, যা শুধু একদিকেই খোলে। আপনি ধাক্কা দিয়ে ভেতরে ঢুকতে পারবেন, কিন্তু ভেতর থেকে ধাক্কা দিলে দরজা আর খুলবে না। শিরার ভেতরের এই কপাটিকাগুলো ঠিক এই কাজটাই করে। কিন্তু ফ্যাব্রিচি বুঝতে পারেননি এই দরজাগুলোর আসল কাজ কী! তিনি ভেবেছিলেন, লিভার থেকে তৈরি হওয়া রক্ত যাতে খুব দ্রুত শরীরের নিচের দিকে নেমে না যায়, শুধু রক্তের গতি কমানোর জন্যই হয়তো এই দরজাগুলো আছে।হার্ভে যখন পাদুয়া বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাবিজ্ঞান পড়ছিলেন, ঠিক সেই সময়েই সেই বিশ্ববিদ্যালয়ে গণিত ও জ্যোতির্বিজ্ঞানের অধ্যাপক হিসেবে ক্লাস নিতেন আধুনিক বিজ্ঞানের জনক গ্যালিলিও গ্যালিলি! কিন্তু তরুণ ছাত্র উইলিয়াম হার্ভের মন এই ব্যাখ্যায় সায় দিল না। তাঁর মনে হলো, এই দরজাগুলোর পেছনে নিশ্চয়ই আরও বড় কোনো রহস্য লুকিয়ে আছে! ১৬০২ সালে পাদুয়া থেকে ডক্টর অব মেডিসিন ডিগ্রি নিয়ে ইংল্যান্ডে ফিরে আসেন হার্ভে। তিনি লন্ডনের বিখ্যাত সেন্ট বার্থোলোমিউ হাসপাতালে চিকিৎসক হিসেবে কাজ শুরু করেন। সেই সঙ্গে নিজের বাসায় শুরু করেন নানা রকম প্রাণী নিয়ে গবেষণা। তাঁর একটি বড় গুণ ছিল, তিনি শুধু মৃত প্রাণীর শরীরই কাটাকাটি করতেন না, বরং ব্যাঙ বা মাছের মতো জীবন্ত প্রাণীর হৃৎপিণ্ড কীভাবে ধুকপুক করে, তা ঘণ্টার পর ঘণ্টা বসে পর্যবেক্ষণ করতেন। গ্যালিলিওর দর্শনে প্রভাবিত হয়ে হার্ভে জীববিজ্ঞানের ইতিহাসে প্রথমবারের মতো একটি অদ্ভুত কাজ করে বসলেন। তিনি অ্যানাটমির সঙ্গে মিলিয়ে দিলেন গণিতকে! প্রাচীন গ্রিক চিকিৎসক গ্যালেনছবি: ব্রিটানিকা

গ্যালেনের তত্ত্ব অনুযায়ী লিভার যদি প্রতিনিয়ত নতুন রক্ত তৈরি করে এবং শরীর যদি তা গ্রহণ করে, তবে লিভারকে প্রতিদিন ঠিক কতটুকু রক্ত তৈরি করতে হবে, হার্ভে এই হিসাবটি কষতে বসলেন। তিনি দেখলেন, মানুষের হৃৎপিণ্ড প্রতি মিনিটে গড়ে প্রায় ৭২ বার সংকুচিত ও প্রসারিত হয়। একে এখন আমরা হার্টবিট বলি। হৃৎপিণ্ডের প্রতিটি স্পন্দনে যদি অন্তত ২ আউন্স বা প্রায় ৫৬ গ্রাম রক্ত পাম্প হয়ে বের হয়, তবে এক ঘণ্টায় হৃৎপিণ্ড পাম্প করে প্রায় ৮ হাজার ৬০০ আউন্স রক্ত। অর্থাৎ প্রায় ২৫০ কেজি! হার্ভে অবাক হয়ে দেখলেন, একটি মানুষের সারা দিনের খাবার থেকেও এই বিপুল পরিমাণ রক্ত তৈরি করা লিভারের পক্ষে কোনোভাবেই সম্ভব নয়। যদি গ্যালেনের কথা সত্যি হতো, তবে প্রতিদিন মানুষের শরীর এই বিপুল পরিমাণ রক্ত তৈরি করতে গিয়ে আক্ষরিক অর্থেই ফেটে যেত!

এই জাদুকরী সমীকরণ থেকে হার্ভে একটি যুগান্তকারী সিদ্ধান্তে পৌঁছালেন। তিনি বুঝতে পারলেন, আমাদের লিভার প্রতিনিয়ত নতুন রক্ত তৈরি করে না এবং আমাদের শরীরও সেই রক্তকে দেহের জ্বালানি হিসেবে ব্যবহার করে না। বরং, আমাদের শরীরে একটি নির্দিষ্ট পরিমাণ রক্তই আছে, যা হৃৎপিণ্ড নামের পাম্পিং মেশিনের সাহায্যে একটি বদ্ধ চক্রের মতো বারবার পুরো শরীরে ঘুরে বেড়াচ্ছে! এটাই হলো রক্তসঞ্চালন। ১৬০২ সালে পাদুয়া থেকে ডক্টর অব মেডিসিন ডিগ্রি নিয়ে ইংল্যান্ডে ফিরে আসেন হার্ভে। তিনি লন্ডনের বিখ্যাত সেন্ট বার্থোলোমিউ হাসপাতালে চিকিৎসক হিসেবে কাজ শুরু করেন।

তিন

হার্ভে শুধু অঙ্ক কষেই থেমে থাকলেন না। তিনি মানুষের শরীরের ওপর অত্যন্ত সহজ কিন্তু দারুণ কিছু পরীক্ষা চালালেন। প্রায় ৪০০ বছর আগের সেই পরীক্ষা এখন আপনি ঘরে বসে নিজেও করতে পারবেন! তিনি একজন মানুষের হাতের ওপরের অংশে, অর্থাৎ কনুইয়ের কিছুটা ওপরে একটি দড়ি দিয়ে খুব শক্ত করে বাঁধলেন। একে বলা হয় টুর্নিকেট। শক্ত করে বাঁধার পর তিনি দেখলেন, দড়ির নিচের অংশে থাকা হাতের শিরাগুলো ফুলে উঠছে। কারণ শিরা দিয়ে রক্ত ওপরের দিকে, অর্থাৎ হৃৎপিণ্ডের দিকে ওঠার চেষ্টা করছে, কিন্তু দড়ির বাধার কারণে আর যেতে পারছে না। হাতে দড়ি বেঁধে শিরার ওপর চাপ দিয়ে হৃদস্পন্দন মাপতেন হার্ভেছবি: রিসার্চ গেট

এরপর তিনি একটি আঙুল দিয়ে ফুলে থাকা শিরার ওপর চাপ দিলেন। দেখলেন, শিরার রক্ত শুধু একদিকেই প্রবাহিত হয়, কোনোভাবেই উল্টো দিকে বা হাতের আঙুলের দিকে ফিরে যায় না। কারণ ফ্যাব্রিচির আবিষ্কার করা সেই কপাটিকা বা একমুখী দরজাগুলো রক্তকে উল্টো পথে যেতে দেয় না! হার্ভে একজন মানুষের হাতের ওপরের অংশে, অর্থাৎ কনুইয়ের কিছুটা ওপরে একটি দড়ি দিয়ে খুব শক্ত করে বাঁধলেন। একে বলা হয় টুর্নিকেট। এই পরীক্ষাটি পরিষ্কারভাবে প্রমাণ করল, আমাদের শরীরের ধমনি দিয়ে রক্ত হৃৎপিণ্ড থেকে সারা শরীরে ছড়িয়ে পড়ে এবং শিরা দিয়ে সেই রক্ত আবার হৃৎপিণ্ডেই ফিরে আসে। রক্ত কোথাও শেষ হয়ে যায় না, বরং এটি একটি বৃত্তের মতো সারা জীবন আমাদের শরীরে ঘুরতে থাকে। টানা ১২ বছর ধরে অসংখ্য পরীক্ষা-নিরীক্ষা করার পর, নিজের তত্ত্ব সম্পর্কে পুরোপুরি নিশ্চিত হয়ে ১৬২৮ সালে জার্মানির ফ্রাংকফুর্ট থেকে হার্ভে একটি বই প্রকাশ করেন। ল্যাটিন ভাষায় লেখা সেই বইটির নাম ছিল এক্সারসিটাসিও অ্যানাটোমিক্যা ডি মটু কর্ডিস এট স্যাঙ্গুইনিস ইন অ্যানিমালিবাস। সংক্ষেপে বলা হতো ডি মোটু কর্ডিস। এর মানে প্রাণীর হৃৎপিণ্ড ও রক্তের গতিবিধি নিয়ে শারীরবৃত্তীয় গবেষণা। উইলিয়াম হার্ভের লেখা বই এক্সারসিটাসিও অ্যানাটোমিক্যা ডি মটু কর্ডিস এট স্যাঙ্গুইনিস ইন অ্যানিমালিবাসছবি: অ্যাবে বুক

মাত্র ৭২ পৃষ্ঠার এই ছোট্ট বইটি ছিল চিকিৎসাবিজ্ঞানের ইতিহাসের সবচেয়ে বড় অর্জন! এই বইয়ে তিনি প্রথমবার সম্পূর্ণ রক্তসঞ্চালন প্রক্রিয়া নিখুঁতভাবে ব্যাখ্যা করেন। তিনি দেখান, আমাদের হৃৎপিণ্ড একটি পেশিবহুল পাম্পিং মেশিন। এর সংকোচন এবং প্রসারণের ফলেই রক্ত পুরো শরীরে ধাক্কা খেয়ে ছড়িয়ে পড়ে। টানা ১২ বছর ধরে অসংখ্য পরীক্ষা-নিরীক্ষা করার পর, নিজের তত্ত্ব সম্পর্কে পুরোপুরি নিশ্চিত হয়ে ১৬২৮ সালে জার্মানির ফ্রাংকফুর্ট থেকে হার্ভে একটি বই প্রকাশ করেন।

চার

যেকোনো নতুন আবিষ্কারের শুরুতে যা হয়, হার্ভের ক্ষেত্রেও তার ব্যতিক্রম হলো না। ১ হাজার ৪০০ বছরের পুরোনো অন্ধবিশ্বাস ভেঙে দেওয়ায় সমসাময়িক চিকিৎসকেরা হার্ভেকে পাগল আখ্যা দিলেন। অনেক রোগী তাঁর কাছে চিকিৎসা নিতে আসা বন্ধ করে দিল। তাঁকে ব্যঙ্গ করে অনেকেই ডাকতে শুরু করল সার্কুলেটর বলে! সে যুগে ল্যাটিন ভাষায় সার্কুলেটর মানে হাতুড়ে ডাক্তার। হার্ভে ইংল্যান্ডের তৎকালীন রাজা প্রথম জেমস এবং পরবর্তীকালে রাজা প্রথম চার্লসের ব্যক্তিগত চিকিৎসক হিসেবে কাজ করার সুযোগ পেয়েছিলেনছবি: উইকিপিডিয়া কিন্তু হার্ভে অত্যন্ত ভাগ্যবান ছিলেন যে, তিনি ইংল্যান্ডের তৎকালীন রাজা প্রথম জেমস এবং পরবর্তীকালে রাজা প্রথম চার্লসের ব্যক্তিগত চিকিৎসক হিসেবে কাজ করার সুযোগ পেয়েছিলেন। রাজপরিবারের এই সরাসরি সমর্থন থাকায় সমালোচকেরা তাঁর খুব একটা ক্ষতি করতে পারেনি। রাজা প্রথম চার্লস বিজ্ঞান গবেষণায় দারুণ আগ্রহী ছিলেন। তিনি হার্ভেকে তাঁর এই গবেষণার জন্য রাজকীয় হরিণ পার্ক থেকে অসংখ্য হরিণ দিয়ে সাহায্য করেছিলেন। হার্ভে প্রমাণ করেছিলেন, ধমনি দিয়ে রক্ত শরীরে যায় এবং শিরা দিয়ে ফিরে আসে। কিন্তু ধমনি ও শিরার মধ্যে সংযোগকারী রাস্তাটা ঠিক কোথায়? হার্ভে এই সংযোগকারী রাস্তাটি তাঁর নিজের চোখে দেখে যেতে পারেননি। কারণ এই রাস্তাগুলো এতই সূক্ষ্ম যে খালি চোখে তা দেখা অসম্ভব। হার্ভে তাঁর বইয়ে অনুমান করেছিলেন, মাংসপেশির ভেতরে নিশ্চয়ই এমন কোনো স্পঞ্জের মতো সূক্ষ্ম জালিকা আছে, যা ধমনি এবং শিরাকে যুক্ত করে।

হার্ভে অত্যন্ত ভাগ্যবান ছিলেন যে, তিনি ইংল্যান্ডের তৎকালীন রাজা প্রথম জেমস এবং পরবর্তীকালে রাজা প্রথম চার্লসের ব্যক্তিগত চিকিৎসক হিসেবে কাজ করার সুযোগ পেয়েছিলেন। ১৬৫৭ সালের ৩ জুন, ৭৯ বছর বয়সে এই মহান বিজ্ঞানীর মৃত্যু হয়। হার্ভের মৃত্যুর ঠিক চার বছর পর, ১৬৬১ সালে ইতালীয় বিজ্ঞানী মার্সেলো মালপিঘি একটি নতুন যন্ত্রের সাহায্যে ব্যাঙের ফুসফুস পরীক্ষা করছিলেন। যন্ত্রটির নাম ছিল মাইক্রোস্কোপ! সেই অণুবীক্ষণ যন্ত্রের নিচে চোখ রাখতেই মালপিঘি দেখতে পেলেন সেই জাদুকরী দৃশ্য। তিনি দেখলেন, ধমনিগুলো সরু হতে হতে জালের মতো সূক্ষ্ম রক্তনালিতে পরিণত হয়েছে এবং সেই জালের অপর প্রান্ত যুক্ত হয়েছে শিরার সঙ্গে। এই জালের মতো সূক্ষ্ম নালিগুলোর নাম দেওয়া হলো ক্যাপিলারি বা কৈশিক জালিকা। মার্সেলো মালপিঘির আঁকা ব্যাঙের ফুসফুসের চিত্রছবি: ওয়ার্ল্ড হিস্ট্রি এনসাইক্লোপিডিয়া মালপিঘির এই আবিষ্কারের মধ্য দিয়ে উইলিয়াম হার্ভের সেই রক্তসঞ্চালনের যুগান্তকারী মডেলটি সম্পূর্ণতা পেল। আজ আমরা খুব সহজেই জানি, আমাদের বুকের ভেতর হৃৎপিণ্ড নামের ছোট্ট মেশিনটি অবিরাম কাজ করে চলেছে। আর এই সত্যটিকে প্রমাণ করতে আজ থেকে চার শ বছর আগে উইলিয়াম হার্ভেকে যে বৈজ্ঞানিক সংগ্রাম ও সাহসিকতার পরিচয় দিতে হয়েছিল, তা চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে চিরকাল স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

# ইরান যুদ্ধ থেকে কে কী পেতে চাইছে?

ফ্রাঙ্ক গার্ডনার

বিশ্বের সবাই না হলেও অধিকাংশ মানুষই চান ইরানের সাথে এই যুদ্ধ যত দ্রুত সম্ভব শেষ হোক। কিন্তু কোন শর্তে? এই যুদ্ধ ঘিরে একেকটি দেশের একেকরকম অবস্থান রয়েছে। ফলে যুদ্ধের কীভাবে অবসান হবে, তা নিয়ে তাদের আলাদা আলাদা দৃষ্টিভঙ্গি রয়েছে।

যুক্তরাষ্ট্র— প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের যুদ্ধের লক্ষ্যগুলো কিছুটা অস্পষ্ট। কখনো তাকে ইরানের পারমাণবিক কর্মসূচি কেবল সীমিত করার পক্ষে, কখনো যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সব দাবি মেনে নেওয়ার চাপে, আবার কখনো ইসলামি প্রজাতন্ত্রের শাসনব্যবস্থার সম্পূর্ণ পতন ঘটানোর অবস্থানে দোদুল্যমান দেখা গেছে।

এখন পর্যন্ত ইরানের পতন ঘটেনি, দেশটি আত্মসমর্পণও করেনি। তবে ১৬ দিনের টানা নিখুঁত বোমা হামলায় দেশটির সামরিক বাহিনী মারাত্মকভাবে দুর্বল হয়ে পড়েছে। ওমানের মধ্যস্থতায় ফেব্রুয়ারিতে জেনেভায় যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যে পরোক্ষ আলোচনা চলছিল, তাতে পারমাণবিক বিষয়ে অগ্রগতি হচ্ছিল। ওমানি কর্মকর্তাদের মতে, তেহরান পারমাণবিক অস্ত্র তৈরি করছে না, এমন নিশ্চয়তা দিয়ে ইরান বড় ধরনের ছাড় দিতেও প্রস্তুত ছিল। তবে ইরান যা নিয়ে আলোচনা করতে রাজি ছিল না, তা হলো তাদের ব্যালিস্টিক মিসাইল কর্মসূচি এবং ইয়েমেনের হুথি বা লেবাননের হেজবুল্লাহর মতো আঞ্চলিক ছায়াগোষ্ঠীগুলোকে দেওয়া সমর্থন বন্ধ করা।

ওয়াশিংটন এবং তাদের মিত্রদের জন্য আদর্শ পরিস্থিতি হতো যদি এই যুদ্ধের মাধ্যমে আয়াতুল্লাহদের শাসনের অবসান ঘটে এবং দ্রুত সেখানে একটি শান্তিপূর্ণ, গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকার আসে; যারা নিজেদের জনগণ বা প্রতিবেশীদের জন্য আর হুমকি হবে না। যুক্তরাষ্ট্রের জন্য দ্বিতীয় সেরা ফলাফল হতে পারতো যদি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত ইসলামি প্রজাতন্ত্র তাদের আচরণ পরিবর্তন করে, নাগরিকদের ওপর নির্যাতন বন্ধ করে এবং ওই অঞ্চলের উগ্রপন্থী মিলিশিয়াদের সমর্থন দেওয়া বন্ধ করে।

তবে ইরান যখন তাদের নতুন সর্বোচ্চ নেতা হিসেবে মোজতবা খামেনিকে বেছে নিয়েছে, তখন সেটি হওয়ার সম্ভাবনা কমই মনে হচ্ছে। কট্টরপন্থী প্রয়াত পূর্বসূরি আয়াতুল্লাহ আলী খামেনির ছেলে মোজতাবাকে বেছে নেওয়া ওয়াশিংটনকে ক্ষুব্ধ করারই নামান্তর।

বিশ্ববাজারে তেলের ক্রমবর্ধমান দাম, হরমুজ প্রণালি আংশিক রুদ্ধ হওয়া এবং আমেরিকার আবারও মধ্যপ্রাচ্যের এক ব্যয়বহুল যুদ্ধে জড়িয়ে পড়া নিয়ে খোদ যুক্তরাষ্ট্রে বাড়তে থাকা অস্বস্তি-সব মিলিয়ে যুদ্ধ বন্ধের জন্য প্রেসিডেন্ট ট্রাম্পের ওপর চাপ বাড়ছে।

কিন্তু তেহরানের শাসনব্যবস্থা যদি দমে না গিয়ে অবাধ্যই থেকে যায়, তবে ট্রাম্পের পক্ষে এই যুদ্ধকে ব্যর্থতা ছাড়া অন্য কিছু হিসেবে তুলে ধরা কঠিন হবে।

ইরান চায় যুদ্ধ যত দ্রুত সম্ভব থামুক, তবে যেকোনো মূল্যে নয়। অর্থাৎ ওয়াশিংটনের সব দাবি মেনে নিয়ে নয়। তারা জানে যে, এই যুদ্ধে ট্রাম্পের চেয়ে বেশি সময় টিকে থাকার মতো "কৌশলগত ধৈর্য" সম্ভবত তাদের আছে; তার ওপর ভৌগোলিক অবস্থানও তাদের অনুকূলে। উপসাগরীয় দেশগুলোর মধ্যে ইরানের উপকূলরেখা দীর্ঘতম। সরু হরমুজ প্রণালি দিয়ে বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল সরবরাহ হয়, যেখানে অনির্দিষ্টকালের জন্য জাহাজ চলাচলে হুমকি সৃষ্টি করার সক্ষমতা ইরানের রয়েছে।

ইসরায়েলের সঙ্গে মিলে যে যুদ্ধ ট্রাম্প শুরু করেছেন, তার পরিণতি সামাল দিতে তিনি অন্যান্য দেশের প্রতি যে আহ্বান জানিয়েছেন, তাতে খুব একটা সাড়া মিলছে না। যুক্তরাজ্য, ইউরোপ এবং অন্যান্য দেশগুলো তাদের নৌবাহিনীকে ঝুঁকির মুখে ফেলে হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজকে পাহারা দিতে নারাজ, কারণ শুরু থেকেই তারা এই যুদ্ধের পক্ষে ছিল না। আনুষ্ঠানিকভাবে ইরান বলছে, যুদ্ধ শেষ হতে হবে এই অকাট্য গ্যারান্টির মাধ্যমে যে তাদের ওপর আর হামলা হবে না।

পাশাপাশি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি বিমান হামলায় যে বিলিয়ন বিলিয়ন ডলারের ক্ষতি হয়েছে, তার ক্ষতিপূরণও তারা চায়।

ইরান সম্ভবত জানে যে এর কোনোটিই তারা পাবে না।

কিন্তু ইরানের ইসলামি নেতৃত্ব এবং রেভল্যুশনারি গার্ডস কোর (আইআরজিসি) যদি কেবল এই সংঘাতে টিকে থাকতে পারে, তবেই তারা নিজেদের জনগণ ও বিশ্বের কাছে একে বিজয় হিসেবে তুলে ধরতে পারবে।

ইসরায়েল যুদ্ধে জড়িত তিনটি দেশ-যুক্তরাষ্ট্র, ইরান এবং ইসরায়েলের মধ্যে ইসরায়েলিদের মধ্যেই যুদ্ধ শেষ করার তাড়া সবচেয়ে কম মনে হচ্ছে।

তারা ইরানের ব্যালিস্টিক মিসাইলের মজুদ, গুদাম, কমান্ড অ্যান্ড কন্টোল সেন্টার, রাডার স্টেশন এবং আইআরজিসি ঘাঁটিগুলো যতটা সম্ভব ধ্বংস হতে দেখতে চায়।

অবশ্য যুদ্ধ থামলে এসবই আবার পুনর্নির্মাণ করা সম্ভব।

তাই ইসরায়েল চায় ইরান এটা বুঝুক যে, পুনর্নির্মাণের চড়া মূল্য দিতে হবে-অর্থাৎ ইসরায়েলি বিমানবাহিনী কয়েক মাস পর আবারও ফিরে এসে সেগুলোতে বোমা ফেলতে সক্ষম।

ইসরায়েল ইরানের মিসাইল এবং বিতর্কিত পারমাণবিক কর্মসূচিকে তাদের অস্তিত্বের জন্য হুমকি হিসেবে দেখে।

যুদ্ধ শুরুর আগে পর্যন্ত ইরানের অত্যন্ত উন্নত নিজস্ব মিসাইল ও ড্রোন শিল্প ছিল (ইরান তাদের মিত্র রাশিয়াকে শাহেদ ড্রোন সরবরাহ করেছিল যা ইউক্রেনে হামলা চালিয়েছে)।

এছাড়া ইরান ৬০ শতাংশ বিশুদ্ধতায় ইউরেনিয়াম সমৃদ্ধ করছে, যা বেসামরিক পারমাণবিক শক্তির জন্য প্রয়োজনীয় মাত্রার চেয়ে অনেক বেশি।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সরকার এই দ্বিমুখী হুমকিকে এমন কিছু হিসেবে দেখছে যার সঙ্গে ইসরায়েল আপস করতে পারে না।

উপসাগরীয় দেশসমূহ

সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, বাহরাইন, কুয়েত এবং ওমান-এই আরব দেশগুলো ভেবেছিল তারা সমুদ্রের ওপারের ইসলামি প্রজাতন্ত্রের সঙ্গেই মানিয়ে নিতে পারবে। কিন্তু এখন পরিস্থিতি ভিন্ন।

ইরানের বিরুদ্ধে এই যুদ্ধকে সমর্থন না জানানো সত্ত্বেও তারা ইরানের ড্রোন ও মিসাইল হামলার শিকার হচ্ছে-এতে তারা ক্ষুব্ধ।

কেবল সোমবারের প্রথম কয়েক ঘণ্টাতেই সৌদি প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে যে, তারা তাদের ভূখণ্ড লক্ষ্য করে ছোঁড়া ৬০টিরও বেশি প্রজেক্টাইল ভূপাতিত করেছে।

এক উপসাগরীয় কর্মকর্তা আমাকে বলেন, 'সীমারেখা অতিক্রম করা হয়েছে। তেহরানের সঙ্গে আমাদের আর কোনো আস্থা নেই এবং এর পর তাদের সঙ্গে স্বাভাবিক সম্পর্ক রাখা সম্ভব নয়।'

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



রবিবার আগরতলায় খুঁদে শিল্পীদের নিয়ে এক বসে আকো প্রতিযোগিতার আয়োজন করা হয়।

# ডিলিমিটেশন বিল নিয়ে দেশবাসীকে বিভ্রান্ত করেছেন প্রধানমন্ত্রী: মমতা বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১৯ এপ্রিল (আইএএনএস): ডিলিমিটেশন বিল ইস্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের মানুষকে বিভ্রান্ত করেছেন বলে অভিযোগ তুললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। রবিবার সামাজিক মাধ্যমে নিজের বক্তব্যে মুখ্যমন্ত্রী বলেন, তৃণমূল কংগ্রেস সবসময়ই লোকসভা ও রাজ্যসভায় মহিলাদের বেশি প্রতিনিধিত্বের পক্ষে। তিনি দাবি করেন, "তৃণমূল কংগ্রেস বরাবরই মহিলাদের রাজনৈতিক প্রতিনিধিত্ব বাড়ানোর পক্ষে সওয়াল করেছে। লোকসভায় আমাদের নির্বাচিত প্রতিনিধিদের ৩৭.৯ শতাংশই মহিলা এবং রাজ্যসভায় ৪৬ শতাংশ মহিলা সদস্য মনোনীত।"

তিনি আরও বলেন, "মহিলা সংরক্ষণ নিয়ে আমাদের বিরোধিতার প্রশ্নই ওঠে না।"

প্রসঙ্গত, সংবিধানের ১৩১তম সংশোধনী বিল এবং ডিলিমিটেশন বিল পাস করাতে ব্যর্থ হওয়ার পর শনিবার জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধানমন্ত্রী। সেই ভাষণে বিরোধীদের কড়া আক্রমণ করে তিনি অভিযোগ করেন, বিরোধীরা মহিলাদের প্রতিনিধিত্বের ধারণাকেই 'ধ্বংস' করেছে।

এই প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী বলেন, তৃণমূল কংগ্রেস মূলত ডিলিমিটেশন প্রক্রিয়ার বিরোধিতা করছে। তাঁর অভিযোগ, "মহিলাদের আড়াল হিসেবে ব্যবহার করে কেন্দ্র সরকার নিজেদের রাজনৈতিক স্বার্থে ডিলিমিটেশন চাপিয়ে দিতে চাইছে।" তিনি আরও দাবি করেন, এই পদক্ষেপের মাধ্যমে সংবিধানের মৌলিক কাঠামো বদলানোর চেষ্টা করা হচ্ছে এবং রাজনৈতিক সীমানা পুনর্নির্ধারণ করে নির্দিষ্ট কিছু রাজ্যকে সুবিধা পাইয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় এই উদ্যোগকে "ফেডারেল গণতন্ত্রের উপর আঘাত" বলেও অভিহিত করেন এবং জানান, তৃণমূল কংগ্রেস এই বিষয়ে নীরব থাকবে না। এছাড়া তিনি প্রশ্ন তোলেন, ২০২৩ সালের ২৮ সেপ্টেম্বর মহিলা সংরক্ষণ বিল পাস হওয়ার পর প্রায় তিন বছর অপেক্ষা করে এখন কেন তড়িঘড়ি এই পদক্ষেপ নেওয়া হচ্ছে, বিশেষ করে যখন একাধিক রাজ্যে নির্বাচন চলছে।

প্রধানমন্ত্রীকে কটাক্ষ করে তিনি বলেন, "পরের বার জাতির উদ্দেশে ভাষণ দিলে সংসদের ভিতর থেকে বলার সাহস দেখান, যেখানে জবাবদিহি ও প্রশ্নের মুখোমুখি হতে হয়।"

# পুরুলিয়ায় সভা থেকে তৃণমূলকে তীব্র আক্রমণ মোদীর, আদিবাসী উন্নয়ন নিয়ে প্রশ্ন

কলকাতা, ১৯ এপ্রিল (আইএএনএস): পশ্চিমবঙ্গের আদিবাসী অধ্যুষিত জেলাগুলি গত ১৫ বছরে তৃণমূল কংগ্রেসের শাসনে পিছিয়ে পড়েছে বলে অভিযোগ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার পুরুলিয়া জেলায় আয়োজিত এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এই মন্তব্য করেন।

প্রধানমন্ত্রী বলেন, "পশ্চিমবঙ্গের আদিবাসী অধ্যুষিত জেলাগুলি গত ১৫ বছরে ক্রমাগত পিছিয়ে গিয়েছে। এই সব এলাকায় স্কুল, রাস্তা ও পানীয় জলের পরিস্থিতি অত্যন্ত খারাপ। অবৈধ খনন পরিস্থিতিকে আরও ভয়াবহ করে তুলেছে।" তিনি পুরুলিয়ার অযোধ্যা পাহাড় ও সীতাকুণ্ডের প্রসঙ্গ টেনে বলেন, "এই ভূমিতে মানুষ পানীয় জলের জন্য কষ্ট পাচ্ছেন, কৃষকরা অসহায় অবস্থায় রয়েছেন।"

তিনি আরও অভিযোগ করেন, রাজ্য সরকারের 'অমানবিক' নীতির কারণে একাধিক উন্নয়নমূলক প্রকল্প আটকে রয়েছে।

এদিকে কেন্দ্রীয় সরকারের ভূমিকার প্রসঙ্গ তুলে প্রধানমন্ত্রী বলেন, আদিবাসীদের উন্নয়নের জন্য কেন্দ্র আলাদা মন্ত্রক গঠন করেছে। তিনি দাবি করেন, বিজেপি শাসনেই দেশ প্রথম আদিবাসী রাষ্ট্রপতি পেয়েছে এবং ওড়িশা ও অসমে প্রথম আদিবাসী মুখ্যমন্ত্রী হয়েছে।

পুরুলিয়ার সভায় জনসমাগম নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করে মোদী বলেন, "এই ভিড়ই ইঙ্গিত দিচ্ছে যে আসন্ন বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গঠন করবে।"

তিনি অভিযোগ করেন, গত ১৫ বছরে রাজ্যে 'দুর্নীতি ও ভয় দেখানোর রাজত্ব' চলেছে।

তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে আদিবাসী সমাজের প্রতি অবিচারের অভিযোগ তুলে তিনি বলেন, "রাজ্যের সরকার আদিবাসীদের প্রতি বৈরী মনোভাব পোষণ করেছে এবং তাদের সঙ্গে অবিচার করেছে।"

কেন্দ্রীয় প্রকল্প, বিশেষ করে রেল প্রকল্প বাস্তবায়নে রাজ্য সরকার বাধা দিচ্ছে বলেও অভিযোগ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, "এই প্রকল্পগুলি এগিয়ে নিয়ে যেতে তৃণমূলকে হারানো জরুরি।"

সভা থেকে পুরুলিয়ার মানুষকে আহ্বান জানিয়ে তিনি বলেন, লোকসভায় যেমন বিজেপি সাংসদকে নির্বাচিত করা হয়েছে, তেমনই বিধানসভাতেও বিজেপি প্রার্থীদের জিতিয়ে আনতে হবে এবং রাজ্যে বিজেপির মুখ্যমন্ত্রী গঠনের সুযোগ দিতে হবে।

INDRA SENA REDDY NALLU
इंद्र सेना रेड्डी नल्लू
ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু

GOVERNOR TRIPURA

LOK BHAVAN
Agartala-799 010
Tel. : 0381-2414091
Fax : 0381-2418758
E-mail : lokbhavantripura@gmail.com
E-mail : lokbhavan.agt@tripura.gov.in



No.F.1(6)/LB/Msg/2022
18th April, 2026

## MESSAGE

It gives me immense pleasure to convey my warm greetings and best wishes to the people of Tripura on the auspicious occasion of "Garia Puja" Festival.

It is one of the major festivals of Tripura, celebrated in the month of April and on the 7th day of Boishakh. The Lord Garia, the deity of livestock and wealth, is considered to be benevolent spirit of household. It symbolises devotion and prosperity. May this festival bring joy, happiness, love and brotherhood amongst the people of Tripura.

ICA/D-59/26

N Indrasena 18.4.2026

**(Indra Sena Reddy Nallu)**

**NOTICE INVITING TENDER**

Sealed Tender/Quotation in plain paper are hereby invited by the undersigned (Buyer) on behalf of this Corporation from reputed Supplier/Manufacturer/ authorized Dealer (seller) for the following item to TTDC

| Specification of Items | Required qty |
|---|---|
| **3 Layer - Roll form**<br>12 micron polyester and 12 micron metalized polyester Poly /150 gauge Natural poly with 4-6 color printing as TRIPURESWARI TEA in Roll form as per sample available with this Corporation.<br><br>Pouch size-<br>100 gms: 260 mm (W) X 170 mm (L) | 5000 kgs |

The date for dropping/receiving of tender w.e.f 20-04-2026 to 30-04-2026 upto 3:00 PM and the tender will be opened at 4:00 PM on 30-04-2026, if possible. For details terms & conditions of tender please visit Tripura Govt. Portal-www.tripura.gov.in/ https://ttdcltd.tripura.gov.in or the official Notice Board of Tripura Tea Development Corporation Ltd., Old Secretariat Complex, AK Road, Agartala- 799001.
ICA/C/84/26

**Managing Director.**
**TTDC Ltd.**

**PRESS NIET. NO. 01/EE/DWS/DIVN/UDP/2026-27 Dated. 16-04-2026**

The Executive Engineer, DWS Division, Udaipur, Gomati Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid tendering system from the Central & State public sector undertaking/enterprise and eligible Contractors/Firms/Private Ltd. Firm/ Agencies of Appropriate Class & Category registered with any wing of State(s) PWD or CPWD /MES /Railway [Eligibility criteria as per SECTION-2: Instructions to Bidders & Eligibility Criteria] for the following work:-

| Sl. No | Name of Work | Estimated Cost | Earnest Money |
|---|---|---|---|
| 1 | DNIeT No. 01/EE/DWS/DIVN/UDP/2026-27 | ₹ 9,56,852.00 | ₹ 19,137.00 |
| 2 | DNIeT No. 02/EE/DWS/DIVN/UDP/2026-27 | ₹ 13,33,881.00 | ₹ 26,678.00 |
| 3 | DNIeT No. 03/EE/DWS/DIVN/UDP/2026-27 | ₹ 1,18,315.00 | ₹ 2,366.00 |
| 4 | DNIeT No. 04/EE/DWS/DIVN/UDP/2026-27 | ₹ 9,70,032.00 | ₹ 19,401.00 |
| 5 | DNIeT No. 05/EE/DWS/DIVN/UDP/2026-27 | ₹ 1,74,385.00 | ₹ 3,488.00 |

Last date and time for document downloading and bidding: Up to 15.00 Hrs on 23- 04-2026
Place, Time and date of opening of online bid : 0/0 the Executive Engineer, DWS Division, Udaipur at 15:30 on 23-04-2026 if possible
Details tender notice may be seen in the office of the Executive Engineer, DWS Division, Udaipur and office of the Assistant Engineer, DWS Sub-Division No- I/II, Udaipur/ Kakraban/ Killa/ Rig and the website https://www.tripuratenders.gov.in
ICA/C/79/26

**Executive Engineer**
**DWS Division, Udaipur Gomati District, Tripura**

# আই-প্যাকের কার্যক্রম স্থগিতের জল্পনা উড়িয়ে দিল তৃণমূল

কলকাতা, ১৯ এপ্রিল (আইএএনএস): সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস রবিবার দাবি করেছে, পশ্চিমবঙ্গে ভারতীয় রাজনৈতিক কর্ম কমিটি (আই-প্যাক)-এর কার্যক্রম ২০ দিনের জন্য বন্ধ হয়ে যাওয়ার যে খবর ছড়িয়েছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন।

দলীয় তরফে সংবাদমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে বলা হয়েছে, "আই-প্যাকের পশ্চিমবঙ্গ টিম সম্পূর্ণভাবে তৃণমূল কংগ্রেসের সঙ্গে কাজ করছে এবং রাজ্যজুড়ে পরিকল্পনা অনুযায়ী প্রচার চালাচ্ছে। এই ধরনের খবর ইচ্ছাকৃতভাবে বিভ্রান্তি তৈরি করার চেষ্টা।"

বিবৃতিতে আরও দাবি করা হয়েছে, "বাংলার মানুষ এই ধরনের বিভ্রান্তিমূলক প্রচার বুঝতে সক্ষম। তাঁরা গণতান্ত্রিকভাবে জবাব দেবেন। ২৩ ও ২৯ তারিখের ভোট এবং ৪ মে ফলাফলেই তার প্রতিফলন দেখা যাবে।"

তবে এই বিষয়ে এখনও পর্যন্ত আই-প্যাকের তরফে কোনও আনুষ্ঠানিক বিবৃতি সামনে আসেনি।

এর আগে খবর ছড়ায়, ২০২০ সাল থেকে তৃণমূলের নির্বাচনী কৌশল নির্ধারণে যুক্ত আই-প্যাক নাকি আইনি জটিলতার কারণে পশ্চিমবঙ্গে তাদের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। এমনকি কলকাতা অফিসের কর্মীদের ২০ দিনের ছুটিতে যেতে বলা হয়েছে বলেও জানা যায়। একটি ই-মেইল বার্তায় নাকি জানানো হয়েছিল, "কিছু আইনি সমস্যার কারণে পশ্চিমবঙ্গে কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখা হচ্ছে। আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল এবং তদন্তে সহযোগিতা করছি।"সেই ই-মেইলে আরও উল্লেখ ছিল, ২০ দিনের ছুটির পর ১১ মে পরিস্থিতি পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ ঠিক করা হবে।

এই পরিস্থিতিতে আই-প্যাকের ভূমিকা ও বাস্তব পরিস্থিতি নিয়ে রাজনৈতিক মহলে জল্পনা বাড়লেও, তৃণমূল কংগ্রেস তা সম্পূর্ণভাবে নস্যাৎ করেছে।

# ভোটের আগে তামিলনাড়ুতে বড় প্রশাসনিক রদবদল, আইজিপি সেন্থিল ভেলানকে সরানোর নির্দেশ নির্বাচন কমিশনের

চেন্নাই, ১৯ এপ্রিল (আইএএনএস): তামিলনাড়ু বিধানসভা নির্বাচনের মাত্র পাঁচ দিন বাকি থাকতে বড় প্রশাসনিক পদক্ষেপ নিল নির্বাচন কমিশন (ইসিআই)। রাজ্যের ইন্টেলিজেন্স বিভাগের আইজিপি পদ থেকে কেএ সেন্থিল ভেলানকে সরানোর নির্দেশ দেওয়া হয়েছে।

রবিবার জারি হওয়া নির্দেশে কমিশন জানায়, ২০০৪ ব্যাচের আইপিএস অফিসার অবিনাশ কুমারকে অবিলম্বে নতুন আইজি (ইন্টেলিজেন্স) হিসেবে নিয়োগ করতে হবে। নির্বাচনের আগে প্রশাসনিক নিরপেক্ষতা ও কার্যকারিতা নিশ্চিত করতেই এই পদক্ষেপ বলে জানানো হয়েছে।

ইসিআই সচিব মধুসূদন গুপ্ত স্বাক্ষরিত নির্দেশে বলা হয়েছে, রবিবার বিকেল ৫টার মধ্যে অবিনাশ কুমার দায়িত্ব গ্রহণ করেছেনএমন রিপোর্ট রাজ্য সরকারকে জমা দিতে হবে।

একই সঙ্গে প্রাক্তন আইজিপি সেন্থিল ভেলানকে পুরো নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত কোনও নির্বাচন-সংক্রান্ত দায়িত্ব না দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এই নির্দেশ তামিলনাড়ুর মুখ্যসচিবের কাছে পাঠানো হয়েছে এবং প্রধান নির্বাচনী আধিকারিককেও এর কপি দেওয়া হয়েছে, যাতে দ্রুত পদক্ষেপ নিশ্চিত করা যায়।

সূত্রের খবর, নির্বাচনের সময় এই ধরনের প্রশাসনিক রদবদল অস্বাভাবিক নয়। নির্বাচন কমিশন অবাধ ও নিরপেক্ষ ভোট নিশ্চিত করতে সংবিধান প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে গুরুত্বপূর্ণ পদে থাকা আধিকারিকদের বদলি করে থাকে, যাতে কোনও পক্ষপাত বা প্রভাবের অভিযোগ না ওঠে।

উল্লেখ্য, তামিলনাড়ু বিধানসভা নির্বাচন ২৩ এপ্রিল অনুষ্ঠিত হবে। ইতিমধ্যেই প্রচার শেষ পর্যায়ে পৌঁছেছে এবং বিভিন্ন রাজনৈতিক দল জোরকদমে প্রচার চালাচ্ছে। নির্বাচনকে স্বচ্ছ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে রাজ্যের প্রশাসনিক ও আইনশৃঙ্খলা ব্যবস্থার উপর কড়া নজর রাখছে নির্বাচন কমিশন। রবিবারের এই নির্দেশ সেই নজরদারিরই অংশ বলে মনে করা হচ্ছে।

# চারধাম যাত্রার সূচনা, আজ খুলল গঙ্গোত্রী-যমুনোত্রী মন্দিরের দ্বার; শুভেচ্ছা জানালেন পুষ্কর সিং ধামি

দেহরাদুন, ১৯ এপ্রিল (আইএএনএস): অক্ষয় তৃতীয়ার পবিত্র দিনে রবিবার খুলে গেল শ্রী যমুনোত্রী ধাম ও শ্রী গঙ্গোত্রী ধামের দ্বার। এর মধ্য দিয়েই আনুষ্ঠানিকভাবে শুরু হল চলতি বছরের চারধাম যাত্রা।

মন্দিরগুলি ফুল দিয়ে সজ্জিত করা হয়েছে এবং নিরাপত্তার জন্য নেওয়া হয়েছে কড়া ব্যবস্থা।

ইতিমধ্যেই মুখবা গ্রাম থেকে দেবী গঙ্গার ডোলি এবং খরসালি গ্রাম থেকে দেবী যমুনার ডোলি শোভাযাত্রার মাধ্যমে মন্দিরের উদ্দেশে রওনা দিয়েছে। স্থানীয় বাসিন্দা ও ভক্তদের মধ্যে ছিল ব্যাপক উৎসাহ ও ভক্তিভাব।

"জয় মা গঙ্গে" ধ্বনিতে মুখরিত ছিল গোটা এলাকা। ঢোল-দামাউ ও রনসিঙ্গার মতো ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্রের তালে তালে এগিয়ে চলে শোভাযাত্রা। বহু ভক্ত, পুরোহিত, সাধু-সন্ন্যাসী ও প্রশাসনিক আধিকারিক এতে অংশ নেন।

রবিবার মন্দির প্রাঙ্গণে দেবদেবীর বিগ্রহ স্থাপন করা হবে।

উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি এক্স (সাবেক টুইটার)-এ পোস্ট করে জানান, "আজ অক্ষয় তৃতীয়ার পবিত্র দিনে শ্রী গঙ্গোত্রী ও শ্রী যমুনোত্রী ধামের দ্বার পূর্ণ আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে ভক্তদের জন্য খুলে দেওয়া হচ্ছে। এর সঙ্গেই শুরু হচ্ছে চারধাম যাত্রা-২০২৬।"

তিনি আরও বলেন, যাত্রাকে নিরাপদ, সুশৃঙ্খল ও ভক্তবান্ধব করতে রাজ্য সরকার সর্বাত্মক প্রস্তুতি নিয়েছে। পাশাপাশি পরিবেশ সংরক্ষণের কথা মাথায় রেখে প্লাস্টিকমুক্ত যাত্রার আহ্বান জানান তিনি।

এদিকে, আগামী ২২ এপ্রিল খুলবে কেদারনাথ ধামের দ্বার এবং ২৩ এপ্রিল খুলবে বদ্রীনাথ ধাম।

শনিবার সন্ধ্যা পর্যন্ত প্রায় ১৮.৯ লক্ষ তীর্থযাত্রী অনলাইনে নিবন্ধন করেছেন। এর মধ্যে কেদারনাথের জন্য সর্বাধিক ৬.৫ লক্ষ, বদ্রীনাথের জন্য ৫.৫ লক্ষ, গঙ্গোত্রীর জন্য ৩.৩ লক্ষ এবং যমুনোত্রীর জন্য ৩.২ লক্ষ ভক্ত নাম নথিভুক্ত করেছেন।

শনিবার ঋষিকেশের চারধাম যাত্রা ট্রানজিট ক্যাম্প থেকে মুখ্যমন্ত্রী আনুষ্ঠানিকভাবে যাত্রার সূচনা করেন। তিনি ভক্তদের সঙ্গে কথা বলেন এবং তাদের নিরাপদ ও আধ্যাত্মিকভাবে সফল যাত্রার শুভেচ্ছা জানান। পাহাড়ি অঞ্চলের ঠান্ডা আবহাওয়ার কথা মাথায় রেখে চারটি ধামযমুনোত্রী, গঙ্গোত্রী, কেদারনাথ ও বদ্রীনাথএ অতিরিক্ত সুবিধার ব্যবস্থাও করা হয়েছে। প্রতি বছর হরিদ্বার বা ঋষিকেশ থেকে শুরু হওয়া এই চারধাম যাত্রা যমুনোত্রী, গঙ্গোত্রী, কেদারনাথ হয়ে বদ্রীনাথে গিয়ে শেষ হয়। দেশ-বিদেশের হাজার হাজার ভক্ত এতে অংশ নেন।

# পরশুরাম জয়ন্তীতে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ন্যায়-সত্যের পথে চলার আহ্বান

নয়াদিল্লি, ১৯ এপ্রিল (আইএএনএস): পরশুরাম জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রবিবার তিনি ভগবান পরশুরামের বীরত্ব, প্রজ্ঞা এবং ন্যায়বোধের আদর্শকে সামনে রেখে সকলকে সত্যের পথে অবিচল থাকার আহ্বান জানান।

এক্স (সাবেক টুইটার)-এ পোস্ট করে প্রধানমন্ত্রী বলেন, "ভগবান পরশুরাম জয়ন্তীর আন্তরিক শুভেচ্ছা। তাঁর কাছ থেকেই আমরা অন্যায়ের বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়ানোর এবং সত্যের পথে অবিচল থাকার প্রেরণা পাই। অতুলনীয় বীরত্ব ও প্রজ্ঞার প্রতীক ভগবান পরশুরামের কৃপা সকলের হৃদয়ে নতুন উদ্যম ও আত্মবিশ্বাস সঞ্চার করুক। তাঁর আশীর্বাদে সকলের জীবন সুখ, শান্তি ও সমৃদ্ধিতে ভরে উঠুক।"

মনুবনকুল এলাকায় যে সন্ত্রাসের ঘটনা ঘটেছিল, বর্তমানে সেখানে পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক রয়েছে। স্থানীয় প্রশাসন এবং পুলিশ যৌথভাবে কাজ করে এলাকায় শান্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনতে সক্ষম হয়েছে। এলাকার বাজার - হাট বর্তমানে স্বাভাবিক রয়েছে।

সব মিলিয়ে, প্রশাসনের তরফে জানানো হয়েছে যে রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে এবং সাধারণ মানুষকে গুজবে কান না দিয়ে শান্তি বজায় রাখার আহ্বান জানানো হয়েছে।

## এবার বদলাবে বাংলা

● প্রথম পাতার পর

তিনি অভিযোগ করে বলেন পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস কেবল ভয় ও প্রচারের রাজনীতি করছে। কিন্তু এখন ভোটাররা অনেক বেশি সচেতন। তাঁরা আর এসব প্রচারে প্রভাবিত হচ্ছেন না। এলাকায় পরিবর্তনের একটি স্পষ্ট ঢেউ দেখা যাচ্ছে এবং জনমত ক্রমশ বিজেপির দিকেই ঝুঁকছে।

ত্রিপুরার ডাবল ইঞ্জিন সরকারের সাফল্যের কথা উল্লেখ করে মন্ত্রী নাথ বলেন, ত্রিপুরায় ডাবল ইঞ্জিনের বিজেপি সরকার রাজ্যের উন্নয়নে নিরলস কাজ করে চলেছে। পশ্চিমবঙ্গেও সেই ধরনের উন্নয়নমুখী সরকার গঠনের জন্য আমি জনতার কাছে আহ্বান জানাই।

## প্রচারের ফাঁকে রাস্তায়

● প্রথম পাতার পর

বলেন, হাসি-মজায় মেতে ওঠেন এবং শিশু ও মহিলাদের সঙ্গেও সেই খাবার ভাগ করে নেন।

প্রধানমন্ত্রীর এই আচমকা আগমনে হতচকিত হয়ে পড়েন স্থানীয়রা। পরে তিনি নিজের সামাজিক মাধ্যমেও সেই মুহূর্তের কথা শেয়ার করেন। এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, "পশ্চিমবঙ্গে চারটি জনসভা করার ব্যস্ততার মাঝেই ঝাড়গ্রামে সুস্বাদু ঝালমুড়ি খেলাম।"

দোকানের মালিক বিক্রম শ'-এর কথায়, "তিনি নিজে গাড়ি থেকে নেমে এসে ঝালমুড়ি বানাতে বলেন। আমি জিজ্ঞাসা করি ঝাল কেমন হবে, তিনি বলেন ঝাল করে দিতে। তিনি বলেন ঝালমুড়ি খুব ভালো হয়েছে এবং উপস্থিত শিশু ও তাঁদের পরিবারের সঙ্গে সেটি ভাগ করে নেন।"

উল্লেখ্য, ঝালমুড়ি পশ্চিমবঙ্গের এক জনপ্রিয় ঝাল-চটপটে খাবার, যা মুড়ি, পেঁয়াজ, টমেটো, সেদ্ধ আলু, বাদাম, ছোলা, কাঁচালঙ্কা, সর্ষের তেল, লেবুর রস ও ভাজা মশলা দিয়ে তৈরি করা হয়।

## রাজ্যজুড়ে নির্বাচনোত্তর

● প্রথম পাতার পর

এদিকে, কলমচৌড়া থানার ওসিকে হুমকি দেওয়ার অভিযোগে বিধায়ক তোফাজ্জল হোসেনের একটি অডিও ক্লিপ ভাইরাল হওয়ায় নতুন করে বিতর্কের সৃষ্টি হয়েছে। এই প্রসঙ্গে রাজীব ভট্টাচার্য জানান, অডিওটির সত্যতা যাচাই না করে কোনও মন্তব্য করা ঠিক হবে না। যাচাইয়ের পরই দলীয় অবস্থান স্পষ্ট করা হবে।

অন্যদিকে, লোকসভায় ৩৩ শতাংশ মহিলা সংরক্ষণ বিল পাস না হওয়ার বিষয়েও কংগ্রেসের বিরুদ্ধে সরব হয়েছে বিজেপি নেতৃত্ব। তাদের অভিযোগ, মহিলা সংরক্ষণ ইস্যুতে কংগ্রেসের অবস্থান অস্পষ্ট এবং দ্বিচারিতাপূর্ণ। সবমিলিয়ে, এডিসি নির্বাচন-পরবর্তী পরিস্থিতি ঘিরে রাজ্যজুড়ে রাজনৈতিক চাপানউতোর অব্যাহত রয়েছে। প্রশাসনের পক্ষ থেকে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা চলছে বলে জানা গেছে, তবে রাজনৈতিক মহলে এই ঘটনাগুলি নিয়ে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

## মহিলা সংরক্ষণ

● প্রথম পাতার পর

প্রধানমন্ত্রী দাবি করেন, বিজেপি দেশকে প্রথম আদিবাসী রাষ্ট্রপতি দিয়েছে এবং তাদের ক্ষমতায়নে কাজ করছে। পাশাপাশি তিনি কংগ্রেস ও তৃণমূলের বিরুদ্ধে আদিবাসী প্রার্থীকে পরাজিত করার চেষ্টা করার অভিযোগও তোলেন।

বিজেপি ক্ষমতায় এলে পশ্চিমবঙ্গে মহিলাদের নিরাপত্তা ও ক্ষমতায়ন নিশ্চিত করা হবে বলেও প্রতিশ্রুতি দেন তিনি। তাঁর বক্তব্য, "বাংলার মহিলারা এখন বহু সুবিধা থেকে বঞ্চিত। অসম, ওড়িশা বা গুজরাতে যা পান, এখানে তা পান না। বিজেপি ক্ষমতায় এলে গরিব মহিলাদের বিনামূল্যে রেশন দেওয়া হবে। প্রধানমন্ত্রীর আবাস যোজনার অধীনে বাড়ি তৈরির জন্য ১.৫ লক্ষ টাকা পর্যন্ত সাহায্য করা হবে। আয়ুষ্মান ভারত প্রকল্প এখানে চালু করা হবে, যার মাধ্যমে ৫ লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসার সুবিধা মিলবে। কিডনি রোগীদের জন্য সরকারি হাসপাতালে বিনামূল্যে ডায়ালিসিসের ব্যবস্থাও করা হবে।"

তিনি আরও বলেন, "পশ্চিমবঙ্গের মানুষ তৃণমূলের কাটমানি সংস্কৃতি ও দুর্নীতিকে প্রত্যাখ্যান করছে এবং সৎ শাসন ও উন্নয়নের জন্য বিজেপির উপর ভরসা রাখছে।"

## বেকারত্ব, নারী

● প্রথম পাতার পর

জ্বালানির দাম প্রায় তিনগুণ বৃদ্ধি পেয়েছে। নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যের মূল্য ৫-৬ গুণ পর্যন্ত বেড়েছে এবং ওষুধের দামও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে বলে দাবি করেন তিনি। তাঁর বক্তব্য অনুযায়ী, দেশের প্রায় ৮৪ শতাংশ মানুষ এখন প্রয়োজনীয় খাদ্য সামগ্রী কিনতে হিমশিম খাচ্ছেন।

অর্থনৈতিক বৈষম্যের প্রসঙ্গে তিনি বলেন, দেশে অতি ধনী মানুষের সংখ্যা দ্রুত বেড়েছে। একই সঙ্গে কর্পোরেটদের জন্য বিপুল ঋণ মুকুব ও করছাড় দেওয়ার অভিযোগও তোলেন তিনি। অন্যদিকে সাধারণ মানুষের উপর করের বোঝা বেড়েছে বলেও দাবি করেন।

নির্বাচনী প্রক্রিয়া নিয়েও প্রশ্ন তোলেন কংগ্রেস মুখপাত্র। তাঁর অভিযোগ, নির্বাচন কমিশনকে দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে এবং প্রকৃত ভোটারদের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়ছে। পাশাপাশি একাধিক রাজ্যে একই ভোটারের নাম একাধিক তালিকায় অন্তর্ভুক্ত করার অভিযোগও তোলেন তিনি।

নারী নিরাপত্তা ইস্যুতেও কেন্দ্রকে আক্রমণ করে তিনি বলেন, বিভিন্ন সরকারি রিপোর্ট অনুযায়ী দেশে নারীদের নিরাপত্তা পরিস্থিতি উদ্বেগজনক। ধর্ষণ, অপহরণ ও যৌন নির্যাতনের ঘটনা বেড়েছে বলে দাবি করেন তিনি। একই সঙ্গে নারী ক্ষমতায়ন সংক্রান্ত কেন্দ্রের বিভিন্ন প্রকল্পের কার্যকারিতা নিয়েও প্রশ্ন তোলেন।

মহিলা সংরক্ষণ বিল প্রসঙ্গে কংগ্রেসের অবস্থান স্পষ্ট করে তিনি বলেন, সংসদে পাস হওয়া আইন কার্যকর করার ক্ষেত্রে কেন্দ্র গড়িমসি করছে। বর্তমান আসন সংখ্যা থেকেই ৩৩ শতাংশ সংরক্ষণ কার্যকর করা সম্ভব ছিল বলেও দাবি করেন তিনি।

শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উদ্দেশে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে কংগ্রেস মুখপাত্র বলেন, দেশের গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে সরাসরি সরকার ও বিরোধী দলের মধ্যে আলোচনার ব্যবস্থা করা হোক, যাতে প্রকৃত তথ্য জনগণের সামনে উঠে আসে।

সর্বোপরি, বিভিন্ন অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ইস্যুতে কেন্দ্রের বিরুদ্ধে একযোগে আক্রমণ শানিয়ে কংগ্রেস রাজ্যবাসীর সামনে তাদের অবস্থান তুলে ধরেছে।

8th-6th page -2022 darpan print.pmd 1 20-04-2026, 01:36

াঙ্গন

# এক বল বাকি থাকতে কসমোপলিটনকে হারিয়ে মুল পর্বে নিশ্চিত স্ফুলিঙ্গ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। শ্বাস রুদ্ধ কর জয় পেয়েছে স্ফুলিঙ্গ ক্লাব। শেষ বলটি বাকি থাকতে রোমাঞ্চকর জয় স্ফুলিঙ্গ ক্লাবকে যথারীতি মূল পর্বে পৌঁছে দিয়েছে। বিজিত কসমোপলিটোন ক্লাব আগেই কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র অর্জন করে নিয়েছে। গ্রুপ লীগ পর্যায়ে স্ফুলিঙ্গের আরও একটি ম্যাচ খেলার বাকি থাকলেও কসমোপলিটনের পক্ষে শেষ ম্যাচে পরাজয় মূল পর্বের জন্য কিছুটা প্রভাব পড়বে বৈকি। পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে রবিবার সকালে ম্যাচ শুরুতে কসমোপলিটন ক্লাব প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পেয়ে নির্ধারিত কুড়ি ওভারে দুই উইকেট হারিয়ে ১৬৪ রান সংগ্রহ করে। দলের পক্ষে লক্ষ্য কুমারের অপরাজিত ৬২ রান এবং সম্রাট সূত্রধরের ৬০ রান উল্লেখযোগ্য। সম্রাট ৪৪ বল খেলে ছ-টি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারি মেরে ৬০ রান পায়। লক্ষ্য ৫০ বল খেলে পাঁচটি বাউন্ডারি ও একটি বাউন্ডারি হাঁকিয়ে অপরাজিত ভূমিকায় ৬২ রান সংগ্রহ করে দলের স্কোর সমৃদ্ধ করে তোলে। রিয়াজ উদ্দিনের ২০ বলে ৩৩ রানও উল্লেখ করার মতো। এর মধ্যে একটি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারি রয়েছে। স্ফুলিঙ্গের সৌরভ দাস ও সন্দীপ সরকার একটি করে উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে স্ফুলিঙ্গ ক্লাবের ব্যাটার্সরা সমানতালে ব্যাট চালিয়ে নিলেও সাগর শর্মা দুর্দান্ত খেলে ২৬ বলে দুটি বাউন্ডারি ও ছয়টি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৫৭ রান সংগ্রহ করে দলকে জয়ের লক্ষ্যে এগিয়ে দেয়। তবে শেষ পর্যায়ে সন্দীপ সরকার ও তুষার সাহার জুটি দৃঢ়তার সঙ্গে দলকে জয় এনে দেয়। কসমোপলিটনের রিয়াজ উদ্দিন ২৭ রানে তিনটি উইকেট পেলেও ফুলিঙ্গের জয় রুখতে পারেনি। তবে দারুন বোলিং পারফরম্যান্সের সৌজন্যে রিয়াজ উদ্দিন পেয়েছে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব।

# ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের লাইফ মেম্বার্স ফোরামের বার্ষিক সাধারণ সভা সম্পন্ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা: রবিবার বেলা ১১টায় জগন্নাথ বাড়ি রোডস্থিত ‘চন্দ্র মহল’-এ অনুষ্ঠিত হলো ফোরাম ফর লাইফ মেম্বার্স অফ ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের প্রথম বার্ষিক সাধারণ সভা।

সভার শুরুতেই গত এক বছরে প্রয়াত আজীবন সদস্য ও প্রাক্তন খেলোয়াড়দের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের শতাধিক আজীবন সদস্যের উপস্থিতিতে সংগঠনের সম্পাদক সম্পাদকীয় প্রতিবেদন এবং কোষাধ্যক্ষ বিগত এক বছরের আয়-ব্যয়ের হিসাব পেশ করেন, যা উপস্থিত সকল সদস্যের সম্মতিতে গৃহীত হয়।

ছুটির দিনেও সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও মূল্যবান মতামত প্রদান ফোরামের কর্মসূচিকে আরও সমৃদ্ধ করেছে বলে জানান উদ্যোক্তারা। সংগঠনের অবৈতনিক সাধারণ সম্পাদক তিমির চক্রবর্তী সভায় উপস্থিত সদস্য এবং সংবাদমাধ্যমের প্রতিনিধিদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। আগামী দিনে রাজ্যের অভিভাবক ক্রীড়া সংস্থা ‘ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন’-এর সাথে কাঁধে কাঁধ মিলিয়ে ফুটবলের সার্বিক উন্নয়নে কাজ করার অঙ্গীকার নেওয়া হয়েছে এই সভায়। চন্দ্র মহল কর্তৃপক্ষের সুন্দর ব্যবস্থাপনা এবং সভার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেকের সহযোগিতায় এই প্রথম বার্ষিক সাধারণ সভা সর্বাঙ্গীনভাবে সফল হয়েছে বলে জানানো হয়েছে। ধন্যবাদান্তের মাধ্যমে সভার সমাপ্তি ঘটে।

# শেষ বলে রোমাঞ্চকর জয় ছিনিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন ব্লাড মাউথ ক্লাব

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টানা ছয় ম্যাচে জয় পেয়েছে ব্লাড মাউথ ক্লাব। জয়ের ডাবল হ্যাটট্রিক। দুর্দান্তভাবে অপরাজেয় গ্রুপ চ্যাম্পিয়নের স্বীকৃতি নিয়ে ব্লাডমাউথ ক্লাব মূল পর্বে খেলবে। তবে, কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র আগেই হাতে এসেছিল। আজ ছিল শতদল সংঘের সঙ্গে মর্যাদার লড়াই। কেননা শতদল সংঘও এ পর্যন্ত টানা চারটি ম্যাচে জয়ী হয়ে কোয়ার্টার ফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। টিআইটি গ্রাউন্ডে সকালে ম্যাচ শুরুতে শতদল সংঘ ব্যাটিংয়ের সুযোগ পায়। তবে অন্তিম ওভারের তিন বল বাকি থাকতে ১৫৯ রানে ইনিংস গুটিয়ে নেয়। দলের পক্ষে দেব বার্নালের সর্বাধিক ৫২ রান উল্লেখযোগ্য। দেব ৩২ বল খেলে একটি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারি মেরে ৫২ রান পায়। ব্লাড মাউথ ক্লাবের বালকেশ যাদব ২৩ রানে চারটি এবং সঞ্জয় মজুমদার ২৭ রানে দুটি উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে ব্লাড মাউথ ক্লাব রোমাঞ্চকর ভাবে অন্তিম বলে জয় হাসিল করে নেয় ৮ উইকেটের বিনিময়ে।

প্রারম্ভিক জুটি দ্রুত আউট হয়ে অবস্থা সঙ্গীন করে তুললেও বিশাল ঘোষের ৬১ রান দলের আস্থা বাড়িয়ে দেয়। শেষে আনন্দ ভৌমিক এবং অমিত আলী জুটি অপরাজিত থেকে দলকে অন্তিম বলে জয় এনে দেয়। বিশাল চল্লিশ বল খেলে তিনটি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারি মেরে ৬১ রান পায়। আনন্দ ৪৪ বল খেলে দুটি বাউন্ডারি মেরে অপরাজিত থেকে ৩৯ রান সংগ্রহ করে দলকে জয় এনে দেয়। শতদলের ভিকি সাহা ২৮ রানে দুটি উইকেট পেয়েছিল। অনবদ্য ব্যাটিংয়ের স্বীকৃতি হিসেবে বিশাল পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# গ্র্যাপলিং চ্যাম্পিয়নশিপের ট্রায়াল সম্পন্ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আজ, রবিবার আগরতলার যোগেন্দ্রনগর স্থিত বনকুমারী নেতাজী সংঘ ক্লাবে উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে অনুষ্ঠিত হলো ১৯তম সিনিয়র ন্যাশনাল গ্র্যাপলিং চ্যাম্পিয়নশিপের সিলেকশন ট্রায়াল। গ্র্যাপলিং অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরার উদ্যোগে আয়োজিত এই ট্রায়ালে রাজ্যের ছয়টি জেলা থেকে প্রায় ৩৫ জন প্রতিভাবান ছেলে-মেয়ে অংশগ্রহণ করে। খেলোয়াড়দের দক্ষতা ও শারীরিক সক্ষমতা বিচার করে তাদের মধ্য থেকে মোট ১১ জনকে জাতীয় স্তরের প্রতিযোগিতার জন্য চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়েছে। নির্বাচিত মহিলা খেলোয়াড়দের তালিকায় রয়েছেন রোজামি মলসুম, সুজোতিকা দেবনাথ, পুজা দাস, দিয়া চন্দ্রা এবং দীপা দেবনাথ। পুরুষ বিভাগে জায়গা করে নিয়েছেন গান্ধী লাল দেববর্মা, ত্রিপল দেববর্মা, জিনেত দেববর্মা, সম্রাট নাথ, ডিয়ারি দেববর্মা ও স্বদেশ দেববর্মা। এই শক্তিশালী দলের কোচের দায়িত্ব সামলাবেন উত্তম আচার্য্য।

সিলেকশন ট্রায়াল চলাকালীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলোয়াড়দের উৎসাহিত করেন রাজ্য গ্র্যাপলিং অ্যাসোসিয়েশনের কার্যকারি সভাপতি তনয় দাস এবং সাধারণ সম্পাদক উত্তম আচার্য্য। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রীমতী লেখা দেববর্মা, শ্রীমতী রাজশ্রী দেবনাথ এবং প্রানতোষ ঘোষ। আসন্ন জাতীয় চ্যাম্পিয়নশিপে ত্রিপুরার এই প্রতিনিধি দলটি সাফল্যের ধারা বজায় রেখে রাজ্যের জন্য পদক ছিনিয়ে আনবে বলে আশাবাদী অ্যাসোসিয়েশনের কর্মকর্তারা। সকল নির্বাচিত খেলোয়াড়দের আগামী লড়াইয়ের জন্য শুভেচ্ছা জানিয়েছে ক্রীড়া মহল।

# বিএসটিকে ৭১ রানে হারিয়ে লীগ অভিযান শেষ চলমানের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দুরন্ত জয় পেয়েছে চলমান সংঘ। হারিয়েছে ইউনাইটেড বি এস টি-কে ৭১ রানের ব্যবধানে। গুরুত্বপূর্ণ এই জয়ের সুবাদে চলমান সংঘ কোয়ার্টার ফাইনালে খেলার আশা জিইয়ে রেখেছে। উল্লেখ্য, চলমান সংঘের লীগ অভিযান আজ জয় দিয়ে শেষ হয়েছে। মূল পর্বের লক্ষ্যে এগিয়ে থাকা অন্যান্য দলের সঙ্গে পয়েন্টে সমপর্যায়ে থাকলেও রান রেটের নিরিখে শেষ আটে যেতে পারে কিনা এখন সেটাই দেখার বিষয়। রবিবার সকালে এমবিবি স্টেডিয়ামে ম্যাচ শুরুতে চলমান সংঘ প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পায়। নির্ধারিত কুড়ি ওভারে পাঁচ উইকেট হারিয়ে ২৩২ রান সংগ্রহ করে। দলের পক্ষে প্রিতুলের ১০১ রান এবং সায়ন দাসের ৪৭ রান উল্লেখযোগ্য। প্রিতুল ৫৪ বল খেলে ১৫টি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ১০১ রান সংগ্রহ করে। ইউনাইটেড বিএসটি”র বিকাশ মজুমদার ৫০ রানে দুটি উইকেট দখল করেছে। পাল্টা ব্যাট করতে নেমে ইউনাইটেড বিএসটি-র ব্যাটার্সরা পাঁচ উইকেট হারিয়ে ১৬১ রান সংগ্রহ করতে নির্ধারিত কুড়ি ওভার ফুরিয়ে যায়। দলের পক্ষে কৃতি দীপ্ত দাস সর্বাধিক চৌষট্টি রান সংগ্রহ করলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা সম্ভব হয়নি। চলমান সংঘের রাকেশ রুদ্রপাল এবং সায়ন দাস একটি করে উইকেট পেয়েছে। দুর্দান্ত ব্যাটিং এবং সেঞ্চুরির সৌজন্যে প্রিতুল পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# ‘সরপঞ্চ’ নামের অর্থই জানতেন না শ্রেয়স, দুই মন্ত্রে নিজেকে বদলে ফেলেছেন পঞ্জাব অধিনায়ক, ভাবছেন না ট্রফি নিয়েও

আইপিএলে পঞ্জাবের খেলার থাকলেই হিন্দি ধারাভাষ্যে তাঁকে একটি বিশেষ নামে ডাকা হয়, ‘সরপঞ্চ’। আকাশ চোপড়া যে নাম দিয়েছিলেন, তা এখন পঞ্জাব দল এবং গোটা ভারতের কাছে ছড়িয়ে গিয়েছে। তবে দীর্ঘ দিন সেই শব্দের মানেই জানতেন না শ্রেয়স আয়ার। জানার পর তাঁর মনে হয়েছে, ওখান থেকেই জীবন বদলে গিয়েছে। তিনি দু’টি বিষয়কে কৃতিত্ব দিলেন জীবনের মোড় ঘোরার নেপথ্যে।

লখনউয়ের বিরুদ্ধে রবিবার নামবে পঞ্জাব। তার আগে ‘জিয়োস্টার’-এ দেওয়া সাক্ষাৎকারে শ্রেয়স বলেছেন, “নামটা খুব ভাল লাগে। পঞ্জাবের হয়ে খেলা শুরু করার পর জানতামই না কবে সরপঞ্চ নামে ডাকা শুরু হয়েছে। দু’-একজন সতীর্থকে জিজ্ঞাসা করেছিলাম শব্দের অর্থ। ওরা বলল যে সরপঞ্চ মানে পরিবার, গোষ্ঠী বা জেলার প্রধান। তখন ব্যাপারটা বুঝেছিলাম।

তার পর থেকেই আমার জীবন বদলে গিয়েছে।”

চলতি আইপিএলে পঞ্জাব রয়েছে সকলের উপরে। একটিও ম্যাচ হারেনি এখনও। শ্রেয়স জানিয়েছেন, বর্তমানে বিশ্বাস করা এবং মুহূর্তকে নিয়ন্ত্রণ করতে পারার জন্যই সাফল্য পেয়েছেন। শ্রেয়সের কথায়, “ট্রফি জেতাই আসল লক্ষ্য। তবে বর্তমানে বাঁচতে শেখা এবং নিজের হাতে যেটা রয়েছে সেটাকে নিয়ন্ত্রণ করতে পারাই আসল। খুব বেশি সামনে তাকানো যাবে না। আবার অতীত নিয়ে ভাবলেও চলবে না। সতীর্থদের সেটাই বলি। মাঠে নেমে নিজেদের মতো খেলো। বিপক্ষকে নিয়ে ভেবো না। আমরা প্রতি দিন উন্নতি করতে চাই এবং মাঠে নিজেদের সেরাটা দিতে চাই। সব কিছু ঠিকঠাক হলে জয় আটকাতে পারবে না কেউ।”

গত বছর কেকেআরকে হারানো এখনও ভুলতে পারেননি শ্রেয়স। পঞ্জাবের ১১১ রানের জবাবে কলকাতা শেষ হয়ে গিয়েছিল ৯৫ রানেই।

শ্রেয়স বলেছেন, “ওই ম্যাচে আমরা দুটো উইকেট ফেলার পরেই ওদের ভাল একটা জুটি হয়। চাইছিলাম ব্যাটারদের সামনে ফিল্ডার রেখে ওদের চাপে ফেলতে। উদ্দেশ্য ছিল যাতে ওরা খারাপ শট খেলে। সেটাই হয়েছিল।”

## বিলোনিয়ায় স্কুল ক্রিকেটে ঋষ্যমুখ জয় বিদ্যাপীঠের

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। বিলোনিয়ায় চলছে আন্ত স্কুল টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট। মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত এই ক্রিকেট টুর্নামেন্টের ঘোষিত সূচি অনুযায়ী রবিবার ছিল ১৪ তম ম্যাচ। এদিন বিদ্যাপীঠ মাঠে মুখোমুখি হয় স্বাগতিক বিদ্যাপীঠ ও ঋষ্যমুখ স্কুল। সীমিত ওভারের এই ক্রিকেট ম্যাচে এদিন ঋষ্যমুখ বিদ্যালয়কে চার উইকেটে পরাজিত করে বিদ্যাপীঠ। সকালে ঋষ্যমুখ টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে চারজন ব্যাটসম্যানকে হারিয়ে সংগ্রহ করে লড়াই করার মত রান ১৫৩। দলের ওপেনিং ব্যাটসম্যান তপন ঘোষের মার মুখী অপরাজিত ৭১ রানের সাহায্যেই ইনিংসে এই রান তুলে ঋষ্যমুখ। মাত্র ৫৪ বলে ৮ টি ৪ এর সাহায্যে ইনিংসের সর্বাধিক এই রান তুলে তপন। এছাড়াও দ্বীপরাজ মজুমদারের ৩৭ রান ছিল উল্লেখযোগ্য। বিদ্যাপীঠের বোলারদের মধ্যে একটি করে উইকেট পেল শুভ দত্ত, রুদ্র সরকার ও দীপরাজ দাস। জবাবে জয়ের জন্য ১৫৪ রানের টার্গেট নিয়ে বিদ্যাপীঠ ব্যাট করতে নেমে ছয়জন ব্যাটসম্যান কে হারিয়ে ১৫৫ রান তুলে ম্যাচ থেকে জয় ছিনিয়ে নেয়। দলের এই জয়ের কান্ডারীরা হলেন দীপরাজ দাস (২৯), দীপ্তনু পাল(১৫), তুহিন সাহা (২৫), আমির ত্রিপুরা (২৮*) ও সন্দীপ দেববর্মা (২৩)। ঋষ্যমুখের শুভদীপ বৈদ্য ও কৃষাণ মজুমদার বল হাতে নিয়ে দুটি করে উইকেট পেলেও বিদ্যাপীঠের জয়কে আটকাতে পারেনি।

## মৌচাককে হারিয়ে মূলপর্বে খেলা নিশ্চিত জেসিসি-র

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দুর্দান্ত জয় পেয়েছে জয়নগর ক্রিকেট ক্লাব। হারিয়েছে ছয় উইকেট এর ব্যবধানে মৌচাক ক্লাবকে। গ্রুপ লীগে নিজেদের একটি ম্যাচ এখনো বাকি থাকলেও এ পর্যন্ত চার ম্যাচে জয়ী হওয়ার সুবাদে জেসিসি যথারীতি মূল পূর্বে খেলার টিকিট পেয়ে গেছে। পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে বেলা একটায় ম্যাচ শুরুতে মৌচাক প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে নির্ধারিত কুড়ি ওভারে ১১৬ রানে ইনিংস শেষ করে। পাল্টা ব্যাট করতে নেমে জয়নগর ক্রিকেট ক্লাব ১৫ ওভার ২ বল খেলে চার উইকেট হারিয়েই জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। ব্যাটিংয়ে মৌচাকের সৌরভ সাহার ৩৩ রান এবং জেসিসি-র ঋতুরাজ ঘোষ রায়ের ২৮ রান ও নিরুপম সেন এর ২৬ রান উল্লেখ করার মতো। বোলিংয়ে জেসিসি-র রজত দে ২০ রানে তিনটি উইকেট দখল করে দলকে জয়ের লক্ষ্যে পৌঁছানোর পাশাপাশি প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাবও পেয়েছে। এছাড়া, দুর্লভ রায় পেয়েছে তিনটি উইকেট ৩৭ রানের বিনিময়ে। মৌচাকের সৌরভ সাহাও তিনটি উইকেট পেয়েছিল ২৬ রানের বিনিময়ে।

## এক ওভারে সাগরের চার উইকেটে ফ্রেন্ডসকে হারিয়ে বিসিসি জয়ী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। লীগে নিজেদের শেষ ম্যাচে দুরন্ত জয় পেয়েছে বনমালীপুর ক্রিকেট ক্লাব। হারিয়েছে ইউনাইটেড ফ্রেন্ডসকে ৭ উইকেট এর ব্যবধানে। এই জয়ের সুবাদে বিসিসি কিন্তু মূল পর্বে খেলার কথা একটু হলেও ভাবছে। কেননা পয়েন্ট ও রান রেটের নিরিখে কোয়ার্টার ফাইনালের সুযোগ হাতে আসতেও পারে। টিআইটি গ্রাউন্ডে বেলা একটায় ম্যাচ শুরুতে ইউনাইটেড ফ্রেন্ডস প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে নির্ধারিত কুড়ি ওভারে নয় উইকেট হারিয়ে ১৬৭ রান সংগ্রহ করে। জবাবে ব্যাট করতে নেমে বনমালীপুর ক্রিকেট ক্লাব ৬ বল বাকি থাকতে তিন উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। ইউনাইটেড ফ্রেন্ডস-এর মোঃ আল বাহার দুর্দান্ত

# সংহতিকে হারিয়ে পোলস্টার জয়ী লীগের শেষ পর্যায় জমজমাট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। গুরুত্বপূর্ণ জয় পেয়েছে পোলস্টার ক্লাব। লিগ পর্যায়ে নিজেদের আরও একটি ম্যাচ বাকি। তবে পঞ্চম ম্যাচে সংহতিকে ৫৮ রানে হারিয়ে পোলস্টার মূল পর্বে খেলার চিন্তা করতে পারছে। এমবিবি স্টেডিয়ামে দুপুর একটায় ম্যাচ শুরুতে পোলস্টার ক্লাব প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে সীমিত কুড়ি ওভারে পাঁচ উইকেট হারিয়ে ২১২ রান সংগ্রহ করে। পাল্টা ব্যাট করতে নেমে সংহতি তিন বল বাকি থাকতে ১৫৪ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। ব্যাটিংয়ে পোলস্টারের সত্ত্বিক রাও দুর্দান্ত ৫০ বল খেলে ১৩ টি বাউন্ডারি ও ছয়টি ওভার বাউন্ডারি হাঁকিয়ে সর্বাধিক ৯৭ রান সংগ্রহ করার পাশাপাশি বোলিংয়ে ২৬ রানে তিনটি উইকেট দখল করে দলকে জয়ী করে তোলার অন্যতম ভূমিকা পালন করে। পাশাপাশি প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও পায়। আয়ুশ দেবনাথের ৫৫ রান এবং সংহতির শুভম সূত্রধরের ৭৭ রানও উল্লেখ করার মতো। বোলিং এর সংহতির প্রতিকূল সেন ৩৮ রানে তিনটি এবং পোলস্টার এর আকাশ দে ৩২ রানে দুটি উইকেট পেয়েছিল।

# অশ্বিনের মন্তব্যে বাড়ল জল্পনা

নয়াদিল্লি: মহেন্দ্র সিংহ ধোনির তত্ত্বাবধানে আইপিএলের সবথেকে ধারাবাহিক দল হিসাবে নিজেদের পরিচিত গড়ে তুলেছিল চেন্নাই সুপার কিংস। তবে ধোনি দায়িত্ব ছাড়ার পর ইতিমধ্যেই রবীন্দ্র জাডেজা এবং রুতুরাজ গায়কোয়াড় দায়িত্ব দেওয়ার দিয়ে দেখা হয়েছে। তবে তাঁদের কেউই সিএসকের হয়ে সেই ধারাবাহিকতা দেখাতে পারেননি। গত মরশুমে নিজেদের ইতিহাসে প্রথমবার সিএসকে লিগ তালিকায় সবার নীচে শেষ করেছিল। আপাতত চলতি আইপিএল মরশুমেও ছয় ম্যাচের মধ্যে চারটি হেরে সিএসকে লিগ তালিকায় সাতে।

এরপরেই প্রাক্তন সিএসকে তারকা ক্রিকেটার আর অশ্বিন সিএসকের হয়ে এক নতুন অধিনায়কের প্রস্তাব আনলেন। তিনি এক সাক্ষাৎকারে জানান, ”আমার মতে কয়েক বছর আগে জাডেজা যখন দায়িত্ব নিয়েছিল, তখনই ওই দায়িত্বটা স্থানান্তরিত হয়ে গিয়েছিল। সেই বিষয়টা পরিকল্পনামাফিক হয়নি। তারপরেই রুতুরাজকে দায়িত্ব দেওয়া হয়। বিগত দুই বছর ধরে রুতুরাজই স্টিফেন ফ্লেমিংয়ের সঙ্গে মিলে দল চালাচ্ছে।”

তবে এরপরেই অশ্বিনের দাবি ভবিষ্যতে সঞ্জু স্যামসনকে সিএসকের অধিনায়কের দায়িত্ব নিতে দেখা যেতে পারে। ”আমি জ্যোতিষী নই, তবে আমায় জিজ্ঞেস করা হলে বলব আমার মনে হয় ভবিষ্যতে কোনও না কোনও সময় সঞ্জু সিএসকেকে নেতৃত্ব দেবে। কবে এমনটা হবে সেটা জানি না, তবে এটা বলে আমি মনে করি। তবে সঞ্জুকেঅন্য কারুর দায়িত্ব কাঁধে নিতে হয়, এমনটা চাই না। অন্য কারুর লেগাসির বোঝা ওকে বইতে চোক চাই না। ওই ভাবে বেঁচে থাকা বা খেলতে আমরা কেউই চাই না।” মত সিএসকে প্রাক্তনীর।

সঞ্জু স্যামসন এ মরশুমেই ট্রেডের মাধ্যমে সিএসকেতে যোগ দিয়েছেন। তিনি যোগ দেওয়ার পর থেকেই তাঁকে সিএসকের অধিনায়কত্ব দেওয়া হতে পারে, বিভিন্ন মহলে এমন জল্পনা শোনা গিয়েছিল। রুতুরাজই আপাতত সিএসকের নেতৃত্বে বহাল রয়েছেন। তবে পারফরম্যান্সের উন্নতি না হলে, ভবিষ্যতে কিন্তু সিএসকের নেতৃত্বে বদল ঘটতে দেখা যেতেই পারে। স্যামসন দীর্ঘদিন রাজস্থান রয়্যালসের হয়ে আইপিএলে অধিনায়কত্ব করেছেন। তাই তিনি অধিনায়কত্বের চাপের বিষয়ে অবগত। মূলত এই কারণেই স্যামসন দলে আসার পর থেকে তাঁর অধিনায়ক হওয়ার জল্পনা শুরু হয়েছিল। অশ্বিনের এই দাবির পরে যে সেই জল্পনা আরও বাড়বে, সেই কথা কিন্তু বলাই বাহুল্য।

# মেসির জোড়া গোল, ৭৫ হাজার দর্শকের সামনে মায়ামির জয়

ইন্টার মায়ামির নতুন কোচ হিসেবে গুইলার্মো হোয়োসের অভিষেকে জয় উপহার দিলেন অধিনায়ক লিওনেল মেসি। আজ মেজর লিগ সকারের (এমএলএস) ম্যাচে মেসির জোড়া গোলে কলোরাডো র্যাপিডসকে ৩-২ ব্যবধানে হারিয়েছে ইন্টার মায়ামি।

মেসি একটি গোল করেছেন পেনাল্টি থেকে, ম্যাচের ১৮ মিনিটে। অন্যটি করেছেন ম্যাচের ৭৯তম মিনিটে। এই গোলটিই ম্যাচের ফল নির্ধারণ করে দিয়েছে। শুরুতে অবশ্য মায়ামিই ২-০ গোলে এগিয়ে গিয়েছিল।

মেসির পেনাল্টিতে মায়ামি এগিয়ে যাওয়ার পর দলটি দ্বিতীয় গোল পায় প্রথমার্ধের যোগ করা সময়ে। বিরতির ঠিক আগে মেসির একটি ফ্লিক থেকে বল পেয়ে মাতেও সিলভেত্তি ক্রস বাড়ান, যা থেকে হেডে গোল করেন জার্মান বার্তেরাম।

তবে দ্বিতীয়ার্ধে ঘুরে দাঁড়ায় স্বাগতিক কলোরাডো। ৪ মিনিটের মধ্যে দুই গোল করে ম্যাচে তাদের সমতায় ফেরান রাফায়েল নাভারো (৫৮) ও ড্যারেন ইয়াপি (৬২)। সেই সমতা থেকেই পরে ম্যাচ মায়ামির দিকে ঘুরিয়ে দেন মেসি। আর্জেন্টাইন তারকার কারণে টিকিটের ব্যাপক চাহিদা মেটাতে কলোরাডো ম্যাচটি ডেনভারের বিশাল এনএফএল স্টেডিয়ামে সরিয়ে নেয়। ম্যাচের সময় দেখা যায়, স্টেডিয়ামের গ্যালারিতে উপস্থিত ৭৫,৮২৪ দর্শক, যা এমএলএসের ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ।

এমন এক ম্যাচেই ফল নির্ধারণ হয়েছে মেসিরই গোলে। ম্যাচের ১১ মিনিট বাকি থাকতে রদ্রিগো দি পলের বাড়ানো বল ধরে ডান প্রান্ত দিয়ে বক্সে ঢুকে পড়েন মেসি। সেখানে তিনজন ডিফেন্ডারকে পরাস্ত করে বাঁ পায়ের শটে বল জালে জড়িয়ে দেন।

ব্যক্তিগত কারণ দেখিয়ে হাভিয়ের মাচেরানো পদত্যাগ করার চার দিন পর আজ মায়ামির ভারপ্রাপ্ত কোচ হিসেবে ডাগআউটে ছিলেন হোয়োস। মেসির দীর্ঘদিনের বন্ধু হোয়োস এই জয়ে দারুণ উচ্ছ্বসিত। তিনি বলেন, ‘আমাদের কাছে ইতিহাসের সেরা খেলোয়াড় আছে, যে ম্যাচের গতিপথ পুরোপুরি বদলে দিতে পারে।’

এই হোয়োসের সঙ্গে মেসির সম্পর্ক দুই দশকের বেশি সময়ের। বার্সেলোনার লা মাসিয়া একাডেমিতে একসঙ্গে ছিলেন তাঁরা। বর্তমানে ইন্টার মায়ামির স্পোর্টিং ডিরেক্টর হিসেবে দায়িত্বরত হোয়োসকে আপাতত কোচের কাজ চালিয়ে যাওয়ার দায়িত্ব দেওয়া হয়েছে।

এই জয়ে ইস্টার্ন কনফারেন্সের পয়েন্ট টেবিলে দ্বিতীয় স্থানে উঠে এল ইন্টার মায়ামি। ৮ ম্যাচে দলটির পয়েন্ট ১৫, সমান ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে শীর্ষে ন্যাশভিল। হোয়োস বলেছেন, ‘এটি আমাদের ধারাবাহিক উন্নতিরই অংশ। মনে রাখতে হবে, এই দলটি বর্তমান এমএলএস চ্যাম্পিয়ন।’

# পাকিস্তানের বিরুদ্ধে খেলবেন মেসি! আর্জেন্টিনার সঙ্গে আলোচনা পাক ফুটবল কর্তাদের, কবে ম্যাচ?

পাকিস্তানের বিরুদ্ধে ফুটবল ম্যাচ খেলবে পাকিস্তান! ভারতের পড়শি দেশের বিরুদ্ধে নীল-সাদা জার্সিতে ম্যাজিক দেখাবেন লিওনেল মেসি? অবিশ্বাস্য মনে হলেও পাক সংবাদমাধ্যমের দাবি পাকিস্তান বনাম আর্জেন্টিনা ফুটবল ম্যাচ হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। সেই নিয়ে কথাবার্তাও নাকি অনেক দূরে এগিয়েছে। তবে কবে-কোথায় সেই ম্যাচ হবে, কারা খেলবেন সেসব কিছুই ঠিক হয়নি।

পাক সংবাদমাধ্যমের মতে, পাকিস্তান ফুটবল ফেডারেশন (পিএফএফ) এবং আর্জেন্টাইন ফুটবল অ্যাসোসিয়েশনের (এএফএ) কর্মকর্তারা অনলাইন বৈঠকে একাধিক বিষয়ে সহযোগিতা নিয়ে আলোচনা করেন। এর মধ্যে কোচিং উন্নয়ন, কাঠামোগত বিভিন্ন কর্মসূচি ছাড়াও রয়েছে একটি প্রীতি ম্যাচ আয়োজনের কথা।

আর্জেন্টিনায় অবস্থিত পাকিস্তানের মিশনের তরফে বৈঠকটি আয়োজন করা হয়েছিল। জানা গিয়েছে, দু’পক্ষের মধ্যে আলোচনা হয়েছে, যাতে পাকিস্তানি কোচেদের আর্জেন্টিনায় নিয়ে প্রশিক্ষণ দেওয়া যায়। এই মিটিংয়ের পাকিস্তানের তরফ থেকে ছিলেন ফুটবল ফেডারেশনের প্রধান সৈয়দ মহসিন গিলানি ও অ্যাম্বাসাডর হাসান আফজল খান। আর্জেন্টিনার তরফ থেকে ছিলেন ফ্রান্সিসকো লেস্মি। আলোচনা যদিও প্রাথমিক স্তরে রয়েছে। তবে মনে করা হচ্ছে, ফুটবল বিশ্বকাপের পর কোনও একসময় পাকিস্তানের বিরুদ্ধে খেলতে পারে আর্জেন্টিনা।

সেই ম্যাচে কি মেসিও খেলবেন? সেই নিয়ে কোনও পক্ষই মুখ খোলেনি। তবে এই ধরনের প্রীতি ম্যাচে মেসির খেলার সম্ভাবনা নেই বললেই চলে। তাছাড়া আলোচনা এখনও প্রাথমিক স্তরে। আদৌ কথাবার্তা কোন দিকে এগোয়, সেদিকে নজর থাকবে। যদিও পাকিস্তানের তরফ থেকে বিবৃতিতে আশা করা হয়েছে, সব ঠিকঠাক চললে সে দেশের ফুটবল অগ্রগতির পথ খুলে যাবে।

## ধাক্কা চেন্নাইয়ের, হ্যামস্ট্রিংয়ে চোট মাত্রের, সবচেয়ে বেশি রান করা ব্যাটারকে ছাড়াই বাকি আইপিএল খেলতে হতে পারে

আইপিএলের মাঝে ধাক্কা চেন্নাই সুপার কিংস শিবিরে। শনিবার সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে ব্যাট করার সময় আয়ুষ মাত্রের হ্যামস্ট্রিংয়ে টান ধরে। প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে, বেশ কিছু দিন মাঠের বাইরে থাকতে হবে ১৮ বছরের ব্যাটারকে। ভাল ফর্মে রয়েছেন মাত্রে। হায়দরাবাদের বিরুদ্ধে তাঁকে ইমপ্যাক্ট সাব হিসাবে তিন নম্বরে ব্যাট করতে নামিয়ে ছিল চেন্নাই। ঈশান কিশনের দলের বিরুদ্ধে ১৩ বলে ৩০ রানের আগ্রাসী ইনিংস খেললেও দলের উদ্বেগ বাড়িয়েছেন তিনি। দৌড়ে ২ রান নেওয়ার সময় তাঁর বাঁ পায়ের হ্যামস্ট্রিংয়ে টান ধরে। ফিজিয়োর কাছে প্রাথমিক শুশ্রূষা নিয়ে ব্যাটিং করলেও ইনিংস টানতে পারেননি। তাঁর নড়াচড়ার মধ্যে অস্বস্তির ছাপ স্পষ্ট ছিল। মাত্রের চোট নিয়ে চেন্নাইয়ের ব্যাটিং কোচ মাইক হাসি ম্যাচের পর বলেছেন, “মাত্রের হ্যামস্ট্রিংয়ে ভাল টান ধরেছিল।



পশ্চিমবঙ্গের বারুইপুরে সাংগঠনিক সভায় বক্তব্য রাখছেন রাজ্যে বিজেপির নির্বাচন সহ-প্রভারী তথা পশ্চিম ত্রিপুরার সাংসদ বিপ্লব কুমার দেব।

## বিলোনিয়ায় কিশোরের রহস্যজনক মৃত্যু, গলায় ফাঁস দিয়ে ঝুলন্ত দেহ উদ্ধার

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৯ এপ্রিল: দক্ষিণ ত্রিপুরার বিলোনিয়া থানাধীন ঋষ্যমুখ এডিসি ভিলেজের সোনাইছড়ি এলাকায় রবিবার ভোরে এক মর্মান্তিক ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। গলায় ফাঁস দিয়ে ঝুলন্ত অবস্থায় উদ্ধার করা হয় ১৬ বছর বয়সি কিশোর সঞ্জিত ত্রিপুরার দেহ।

পরিবার সূত্রে জানা যায়, গোবিন্দপাড়া এলাকার বাসিন্দা সঞ্জিত ত্রিপুরা ছোটবেলা থেকেই দাদু-দিদার কাছেই মানুষ হচ্ছিল। রবিবার সকালে ঘুম থেকে উঠে বাড়ির বাইরে বেরিয়ে প্রায় ৫০০ মিটার দূরে একটি রাবার বাগানে তাকে গলায় গামছা দিয়ে ঝুলন্ত অবস্থায় দেখতে পান তার দিদা। এই দৃশ্য দেখে তিনি প্রায় অচেতন হয়ে পড়েন।

পরবর্তীতে চিৎকার শুনে পরিবারের অন্যান্য সদস্য ও প্রতিবেশীরা ছুটে আসেন এবং সঙ্গে সঙ্গে পুলিশকে খবর দেওয়া হয়। খবর পেয়ে বিলোনিয়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহটি উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

পুলিশ সূত্রে জানা গেছে, ময়নাতদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। তবে কী কারণে সঞ্জিত এই চরম পদক্ষেপ নিল, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। পরিবারের সদস্যদের দাবি, বাড়িতে কোনও অশান্তি বা সমস্যা ছিল না। এই ঘটনায় গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## এডিসি নির্বাচনের পর সহিংসতা

# দক্ষিণ জেলায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়



আগরতলা, ১৯ এপ্রিল: এডিসি নির্বাচনের ফল ঘোষণার পর রাজ্যের বিভিন্ন প্রান্তে রাজনৈতিক উত্তেজনা ও সহিংসতার অভিযোগ উঠেছে। গত ১৭ এপ্রিল স্বশাসিত জেলা পরিষদের (এডিসি) ১০ম সাধারণ নির্বাচনের ফল প্রকাশিত হয়। ২৮টি আসনের মধ্যে ২৪টিতে জয়লাভ করে তিপ্রা মথা, আর ৪টি আসনে জয় পায় বিজেপি।

ফল ঘোষণার পর থেকেই রাজ্যের বিভিন্ন কেন্দ্রে রাজনৈতিক সন্ত্রাসের অভিযোগ সামনে আসে। বিজেপির অভিযোগ, তিপ্রা মথা কর্মীরা তাদের দলীয় কার্যালয় ও কর্মীদের বাড়িঘরে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে। এর ফলে বহু বিজেপি কর্মী এলাকা ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে বাধ্য হয়েছেন বলে দাবি করা হয়েছে।

এই পরিস্থিতি খতিয়ে দেখতে আজ দক্ষিণ জেলায় সফর করেন রাজ্যের অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তাঁর সঙ্গে ছিলেন দক্ষিণ ও গোমতী জেলা পরিষদের সভাধিপতি, দক্ষিণ জেলা বিজেপির সভাপতি, ৩৯ মনু ও ৪০ সাব্রুম মণ্ডলের সভাপতিরা, মনু-রাজনগরের দুই বিজেপি বিধায়ক এবং ২৮ শিলাছড়ি-মনু বনকুল কেন্দ্রের এমডিসি কংঅজং মগ সহ অন্যান্য নেতৃত্ব।

সফরের শুরুতে তিনি ২৭ পূর্ব মুহুরীপুর-ভুরাতলী কেন্দ্রের অন্তর্গত ৩৯ মনু বিধানসভা এলাকার কালী বাজারে অগ্নিসংযোগ হওয়া বিজেপি কার্যালয় পরিদর্শন করেন। এরপর ২৮ শিলাছড়ি-মনু বনকুল কেন্দ্রের ৪০ সাব্রুম বিধানসভা এলাকার চাতকছড়ি হয়রাম পাড়ার হামক্রাই বাজারে ক্ষতিগ্রস্ত দলীয় কার্যালয় ঘুরে দেখেন। পরিদর্শন শেষে স্থানীয় এক বিজেপি কর্মী মন্ত্রীকে জানান, দলের অভ্যন্তরীণ দূরত্বও বর্তমান পরিস্থিতির জন্য দায়ী। পরে মন্ত্রী চালিতা বনকুল এলাকায় আরও দুটি ক্ষতিগ্রস্ত কার্যালয় পরিদর্শন করেন এবং মনু-বনকুল মহামনি বুদ্ধমন্দির সংলগ্ন এলাকায় সহিংসতার চিত্র প্রত্যক্ষ করেন। শেষপর্যন্ত তিনি শিলাছড়ি এলাকায় অগ্নিসংযোগের ঘটনাস্থল এবং আক্রান্ত কর্মীদের সঙ্গেও সাক্ষাৎ করেন। সফর শেষে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় দাবি করেন, রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি রাজনৈতিক সন্ত্রাস সংঘটিত হয়েছে ২৮ শিলাছড়ি-মনু বনকুল কেন্দ্রে। তিনি এই ঘটনাগুলির নিন্দা জানিয়ে দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

## বিলোনিয়ায় মেয়াদ উত্তীর্ণ খাবার ও পলিথিন ব্যাগের বিরুদ্ধে অভিযান

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৯ এপ্রিল: বিলোনিয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে ঋষ্যমুখ ব্লক এবং রাজনগর ব্লকের রবিবার বিভিন্ন দোকানে হানা দিয়ে বিপুল পরিমানে মেয়াদ উত্তীর্ণ খাবার ও পলিথিন ব্যাগ উদ্ধার করে প্রশাসন। অভিযানে নেতৃত্ব দিয়েছেন ডি সি এম বিলোনিয়া সঞ্জয় শীল সহ মহকুমা প্রশাসনের কর্মী ও বিলোনিয়া থানার পুলিশ। অভিযান চলে নলুয়া, চোত্তাখলা, নীহারনগর বাজার। অভিযানকালে প্রচুর পরিমাণে মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রী উদ্ধার করা হয়েছে, এবং সেই উদ্ধার কৃত মেয়াদ উত্তীর্ণ খাবার সংশ্লিষ্ট ব্যবসায়ীদের দিয়ে নস্ট করা হয়েছে। অভিযানে মোট ৪০ কেজি পলিব্যাগ উদ্ধার করা হয়েছে। জরিমানা বাবদ ৬০০০/- টাকা আদায় করা হয়েছে। মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রীর মধ্যে চিপস ঘি, মধু, বিস্কুট, সরিষার তেল ইত্যাদি উদ্ধার করা হয়।

পাশাপাশি প্রত্যেক ব্যবসায়ীর হাতে বিকল্প বিকল্প ব্যাগ তুলে দেওয়া হয়েছে এবং প্রচার করা হয় যেন এই গুলো সবাই ব্যবহার করে।অভিযান শেষে ডি সি এম সঞ্জয় শীল জানান এই ধরনের অভিযান আরো চলবে এবং পাশাপাশি রিফাইন্ড পলিবেগ যাতে সবাই ব্যবহার করে তার উপর ক্রেতা এবং বিক্রেতা সবাইকে আরো বেশি বেশি করে সচেতন করা হবে।

## কৃষ্ণপুরে বিজেপি অফিস ও কর্মীদের বাড়িতে ভাঙচুরের অভিযোগ, এলাকা পরিদর্শনে মন্ত্রীদ্বয়



আগরতলা, ১৯ এপ্রিল: ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদ (এডিসি) নির্বাচনের ফলাফল ঘোষণার পর খোয়াই জেলার তেলিয়ামুড়া মহারানীপুর কেন্দ্রের অন্তর্গত কৃষ্ণপুর এলাকায় বিজেপির দলীয় অফিস এবং একাধিক নেতা-কর্মীর বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্যের সমাজ কল্যাণ ও সমাজসেবা দপ্তরের মন্ত্রী টিংকু রায়, সঙ্গে উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা ঘটনাস্থল পরিদর্শন করেন। তাঁদের সঙ্গে উপস্থিত ছিলেন বিজেপি প্রদেশ কমিটির সাধারণ সম্পাদক এবং ২৯ কৃষ্ণপুর মণ্ডলের সভাপতি ধনঞ্জয় দাস। অভিযোগ অনুযায়ী, কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের বিজেপির শক্তিকেন্দ্র এবং সংখ্যালঘু মোর্চার খোয়াই জেলা সভাপতি রশিদ মিয়ার বাড়িতে দুষ্কৃতীরা হামলা চালায়। বাড়িতে ব্যাপক ভাঙচুরের পাশাপাশি এলাকায় আতঙ্ক সৃষ্টি করা হয় বলে অভিযোগ। পরিস্থিতির চাপে একাধিক বিজেপি কর্মী-সমর্থক বাড়িঘর ছেড়ে তেলিয়ামুড়া থানার অন্তর্গত জারুইলং গেস্ট হাউসে আশ্রয় নিয়েছেন।

মন্ত্রীদের প্রতিনিধি দল প্রথমে চাকমাঘাটের তুইমধু এলাকায় রশিদ মিয়ার বাড়িতে গিয়ে ক্ষয়ক্ষতির খোঁজ নেন। এরপর তুইমধু এলাকায় বিজেপির শক্তিকেন্দ্র কার্যালয়ে হামলার ঘটনাস্থল পরিদর্শন করে স্থানীয়দের সঙ্গে কথা বলেন। পরবর্তী পর্যায়ে জারুইলং গেস্ট হাউসে আশ্রিত কর্মী-সমর্থকদের সঙ্গে দেখা করে তাঁদের পাশে থাকার আশ্বাস দেন। সাংবাদিকদের মুখোমুখি হয়ে মন্ত্রী টিংকু রায় জানান, ক্ষতিগ্রস্তদের সরকারি সহায়তা প্রদানের উদ্যোগ নেওয়া হচ্ছে। যাঁরা বাড়িঘর ছেড়ে অন্যত্র আশ্রয় নিয়েছেন, তাঁদের নিরাপত্তা নিশ্চিত করে পুনরায় বাড়িতে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে। তিনি বলেন, "গণতন্ত্রে মতভেদ থাকতেই পারে, কিন্তু সহিংসতার কোনও স্থান নেই। রাজ্যে শান্তি ও সম্প্রীতি বজায় রাখা আমাদের অগ্রাধিকার।" ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাপা উত্তেজনা বিরাজ করছে। তবে প্রশাসনের পক্ষ থেকে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা চলছে বলে জানা গেছে।

## সন্দেহজনক চলাচল, শান্তির বাজারে গাড়ি আটক পুলিশের

শান্তিরবাজার, ১৯ এপ্রিল: এডিসি নির্বাচনের পর শান্তির বাজার এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে তৎপর রয়েছে শান্তির বাজার থানার পুলিশ। এরইমধ্যে শনিবার গভীররাতে সন্দেহজনক চলাচলের অভিযোগে একটি গাড়ি আটক করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, শান্তির বাজার থানার অধীন মনপাথর এলাকায় টিআর-০১ সিকে-০৪৭১ নম্বরের একটি সাদা রঙের গাড়ি সন্দেহজনকভাবে ঘোরাফেরা করছে বলে খবর আসে। স্থানীয় কিছু বাসিন্দার অভিযোগ, এলাকায় অশান্তির পরিবেশ তৈরির উদ্দেশ্যে ওই গাড়িতে করে কয়েকজন ব্যক্তি চলাচল করছিলেন। অভিযোগের ভিত্তিতে শান্তির বাজার থানার ওসি রাজু দত্ত ও সেকেন্ড অফিসার সমীর বিশ্বাসের নেতৃত্বে পুলিশ অভিযান চালিয়ে শনিবার রাতে গাড়িটি আটক করে থানায় নিয়ে আসে। পরে গাড়িটিতে তল্লাশি চালানো হলেও সন্দেহজনক কোনো বস্তু পাওয়া যায়নি।

## জামথুম পিএইচসিতে রোগীর মৃত্যু ঘিরে ক্ষোভ, অ্যাম্বুলেন্স ও চিকিৎসক সংকটের অভিযোগ

কমলপুর, ১৯ এপ্রিল: কমলপুর মহকুমার প্রত্যন্ত জামথুম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এক রোগীর মৃত্যুকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। মৃতের নাম হরেন হালাম (৩১)। জানা গেছে, তিনি গতকাল রাতে অসুস্থ অবস্থায় জামথুম পিএইচসিতে ভর্তি হন।

পরিবারের অভিযোগ, রাত বাড়ার সঙ্গে সঙ্গে তার শারীরিক অবস্থার অবনতি ঘটলেও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় চিকিৎসা পরিকাঠামোর অভাব ছিল। পরিস্থিতি গুরুতর হওয়ায় চিকিৎসকরা তাকে অন্যত্র রেফার করার সিদ্ধান্ত নেন। কিন্তু কেন্দ্রটিতে অ্যাম্বুলেন্স থাকা সত্ত্বেও চালক নাকি ছুটিতে থাকায় সময়মতো রোগীকে স্থানান্তর করা সম্ভব হয়নি। এর জেরেই শেষ পর্যন্ত তার মৃত্যু হয় বলে অভিযোগ।

এই ঘটনাকে কেন্দ্র করে স্বাস্থ্যকেন্দ্রে ব্যাপক উত্তেজনা ও হইচই শুরু হয়। স্থানীয় জনজাতি বাসিন্দাদের দাবি, দীর্ঘদিন ধরেই এই স্বাস্থ্যকেন্দ্রে পরিষেবা নিয়ে নানা সমস্যা রয়েছে। যদিও এখানে তিনজন চিকিৎসক রয়েছেন, তবে তারা পালাক্রমে এক সপ্তাহ করে ডিউটি করেন, ফলে নিয়মিত চিকিৎসা পরিষেবা ব্যাহত হচ্ছে বলে অভিযোগ।

এমন পরিস্থিতি নিয়ে পূর্বে সিএমও-এর কাছেও অভিযোগ জানানো হয়েছিল বলে দাবি স্থানীয়দের। কিন্তু এখনও পর্যন্ত কোনও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি বলে অভিযোগ উঠেছে। ঘটনার পর জামথুম এলাকার জনজাতিদের মধ্যে তীব্র ক্ষোভ ছড়িয়ে পড়েছে। অবিলম্বে স্বাস্থ্য পরিষেবার উন্নতি এবং দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে সরব হয়েছেন স্থানীয় বাসিন্দারা।

## ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের লাইফ মেম্বার্স ফোরামের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

আগরতলা, ১৯ এপ্রিল: ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের আজীবন সদস্যদের নিয়ে গঠিত "ফোরাম ফর লাইফ মেম্বার্স অফ ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন"-এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হলো আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত একটি বেসরকারি হোটেলে।

এদিনের সভায় সংগঠনের প্রায় ১৮০ জন সদস্য উপস্থিত ছিলেন। সভায় প্রথমে সচিবের পক্ষ থেকে বার্ষিক প্রতিবেদন পেশ করা হয়। পাশাপাশি কোষাধ্যক্ষ গত অর্থ বছরের আয়-ব্যয়ের বিস্তারিত হিসাব তুলে ধরেন।

এর পাশাপাশি আগামী বছরে সংগঠনের কার্যক্রম ও পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সদস্যরা ফুটবলের উন্নয়ন এবং সংগঠনের কার্যক্রম আরও সক্রিয় করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

## বর্ডার এলাকা থেকে প্রায় ১০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার, যৌথ অভিযানে সাফল্য

আগরতলা, ১৯ এপ্রিল: বর্ডার এলাকা থেকে প্রায় ১০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। শনিবার বিকেল আনুমানিক ৪টা ৩০ মিনিট নাগাদ কদমতলা থানার পুলিশ এবং রানীবাড়ি ক্যাম্পের বিএসএফ-এর যৌথ অভিযানে ভারত-বাংলাদেশ সীমান্ত সংলগ্ন বর্ডার এলাকা থেকে বিপুল পরিমাণ নিষিদ্ধ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে।

জানা গেছে, রানীবাড়ি সীমান্ত এলাকায় একটি পরিত্যক্ত ব্যাগ পড়ে থাকতে দেখে বিএসএফ জওয়ানদের সন্দেহ হয়। পরে কদমতলা থানার পুলিশের উপস্থিতিতে ব্যাগটি তল্লাশি চালানো হলে সেখান থেকে প্রায় ১০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, উদ্ধার হওয়া এই ইয়াবা ট্যাবলেটগুলো বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে সেখানে মজুত করে রাখা হয়েছিল। তবে এই ঘটনায় এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

ঘটনার পর পুরো এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে এবং পুলিশ ও বিএসএফ যৌথভাবে তল্লাশি অভিযান চালাচ্ছে। এই চক্রের সঙ্গে জড়িতদের চিহ্নিত করতে তদন্ত শুরু হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

## ঊনকোটি জেলায় হাম-রুবেলা পরিস্থিতি নজরদারিতে জেলা সফরে এনএইচএম-এর রাজ্য অধিকর্তা

কৈলাসহর, ১৯ এপ্রিল: ঊনকোটি জেলায় হাম ও রুবেলা পরিস্থিতি সরজমিনে খতিয়ে দেখতে রবিবার ঊনকোটির জেলা সদর কৈলাসহর সফরে এলেন জাতীয় স্বাস্থ্য মিশনের রাজ্য অধিকর্তা সজু ওয়াহিদ এ, আইএএস। এদিন সকাল ১০টায় তিনি রাজধানী আগরতলা থেকে কৈলাসহরে পৌঁছান। তাঁর এই সফরকে কেন্দ্র করে জেলার স্বাস্থ্য মহলে ব্যাপক তৎপরতা লক্ষ্য করা যায়।

কৈলাসহরে পৌঁছে রাজ্য অধিকর্তা সজু ওয়াহিদ এ প্রথমে সার্কিট হাউসে এক গুরুত্বপূর্ণ পর্যালোচনা বৈঠকে মিলিত হন। বৈঠকে উপস্থিত ছিলেন ঊনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার, মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডঃ শিরশেন্দু চাকমা, ডিস্ট্রিক্ট সার্ভিলেন্স অফিসার ডঃ অমিত দেববর্মা, জেলা টীকাকরণ আধিকারিক ডঃ সন্দীপন ভট্টাচার্যি এবং জেলা হাসপাতালের মেডিকেল সুপারিনটেনডেন্ট ডঃ রোহন পাল। এছাড়াও গৌরনগর ব্লকের বিডিও অঙ্কার দেব সহ জেলা স্বাস্থ্য দপ্তরের অন্যান্য পদস্থ আধিকারিক ও কর্মীরা এই বৈঠকে অংশ নেন। বৈঠকে জেলার বর্তমান সংক্রমণ পরিস্থিতি এবং টিকাকরণ কর্মসূচীর পরিসংখ্যান খুঁটিয়ে দেখেন রাজ্য অধিকর্তা।

বৈঠক শেষে অধিকর্তা সরাসরি চলে যান গৌরনগর ব্লকের অধীনস্থ ইরানি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। সেখানে তিনি পরিস্থিতির গভীরতা বুঝতে ভারপ্রাপ্ত চিকিৎসক ডঃ প্রীতম দাস সহ গ্রাউন্ড লেভেলে কর্মরত স্বাস্থ্য কর্মীদের সাথে দীর্ঘক্ষণ কথা বলেন। টিকাকরণের ক্ষেত্রে সাধারণ মানুষের মধ্যে কোনো অনীহা বা সমস্যা রয়েছে কিনা, সে বিষয়েও তিনি খোঁজ নেন। এরপর তিনি পরিদর্শন করেন কৈলাসহর ভগবাননগরস্থিত ঊনকোটি জেলা হাসপাতাল। হাসপাতালের আইসোলেশন ওয়ার্ড এবং পরিকাঠামো খতিয়ে দেখার পর তিনি মেডিকেল সুপারিনটেনডেন্ট ডঃ রোহন পালকে প্রয়োজনীয় গাইডলাইন মেনে চিকিৎসা পরিষেবা জারি রাখার নির্দেশ দেন।

পরিদর্শন শেষে সংবাদ প্রতিনিধিদের মুখোমুখি হয়ে সজু ওয়াহিদ এ জানান যে, পরিস্থিতি বর্তমানে স্থিতিশীল এবং নিয়ন্ত্রণে। তবে প্রতিবেশী দেশ বাংলাদেশে সংক্রমণের প্রভাব এবং সীমান্ত সংলগ্ন এলাকা হওয়ার কারণে কোনও ঝুঁকি নিতে নারাজ প্রশাসন।

## রবিশঙ্করজির জন্মদিনে আগরতলায় বসে আঁকো প্রতিযোগিতা

আগরতলা, ১৯ মে: শ্রী শ্রী রবি শংকর -এর জন্মদিন উপলক্ষে আগরতলার এনএসআরসিসি হলে অনুষ্ঠিত হলো বসে আঁকো প্রতিযোগিতা। 'দ্য আর্ট অফ লিভিং'-এর উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতায় প্রায় ১৮০ জন ছাত্রছাত্রী তিনটি বিভাগে অংশগ্রহণ করে। প্রতিযোগিতাকে কেন্দ্র করে এদিন হল চত্বরে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যায়।

# আগরতলা প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




আগরতলা, ১৯ এপ্রিলঃ আগরতলা প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা রবিবার ১৯ এপ্রিল, ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সদ্য প্রয়াত দুই সাংবাদিক তপন চক্রবর্তী এবং নন্দন চক্রবর্তীকে শ্রদ্ধা জানানোর মধ্যে দিয়ে শুরু হয় সভার কাজ। বার্ষিক সাধারণ সভার সভাপতি মন্ডলীতে ছিলেন আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রণব সরকার, সহসভাপতি চিত্রা রায়, বরিষ্ঠ সাংবাদিক শ্রোতরঞ্জন খিসা, সঞ্জীব দেব।মঞ্চে ছিলেন বরিষ্ঠ সম্পাদক সমীর পাল এবং কবি লেখক বিমলেন্দু চক্রবর্তী।

বেলা সাড়ে ১১ টায় সম্পাদক রমাকান্ত দে সম্পাদকীয় প্রতিবেদন ও আয়ব্যয় এর হিসাব পেশ করলে প্রতিবেদনের উপর আলোচনা করেন বরিষ্ঠ সম্পাদক সমীর পাল, সহসভাপতি চিত্রা রায়, বরিষ্ঠ সাংবাদিক সঞ্জীব দেব, মণিময় রায়, কৃষ্ণপদ কর্মকার, সাংবাদিক দেবাশীষ মজুমদার, সুপ্রভাত দেবনাথ, সম্রাট চৌধুরী, চন্দ্রিমা সিরকার, মেঘধন দেব,আগরতলা প্রেসক্লাবের সহযোগী সদস্য বিমলেন্দু চক্রবর্তী,পারিজাত দত্ত। আলোচনায় আগরতলা প্রেসক্লাবের ধারাবাহিক কর্মপদ্ধতির উন্নয়ন এবং সাংবাদিক স্বার্থে কর্মসূচির ভূয়সী প্রশংসা করেছেন।ক্যান্টিনের গুনমান বৃদ্ধিও প্রসংশা করেছেন অধিকাংশ নবীন প্রবীণ সাংবাদিক। সাংবাদিকদের নিরাপত্তা সুনিশ্চিত করার ক্ষেত্রে আরও তৎপরতার পরামর্শ দিয়েছেন। আগরতলা প্রেসক্লাব ভালোভাবে পরিচালিত হচ্ছে। রাজনীতির ঊর্ধে উঠে সাংবাদিকদের মধ্যে দূরত্ব কমিয়ে সুন্দরভাবে পরিচালিত হচ্ছে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। আলোচনা শেষে সুনির্দিষ্ট বিষয় গুলো তুলে ধরে জবাবি ভাষন দিয়েছেন সম্পাদক রমাকান্ত দে। সভাপতি প্রণব সরকারের সমাপ্তি ভাষনের মধ্যে বেলা সোয়া ১টা নাগাদ শেষ হয়েছে বার্ষিক সাধারণ সভার কাজ।

## ত্রিপুরা থেকে হজযাত্রা উপলক্ষে বিশেষ উদ্যোগ, আগামীকাল কলকাতার উদ্দেশ্যে রওনা ৭৪ জন যাত্রী

আগরতলা, ১৯ এপ্রিল: হজযাত্রাকে সামনে রেখে বিশেষ উদ্যোগ নিল রাজ্যের সংখ্যালঘু কল্যাণ দপ্তর। দপ্তরের উদ্যোগে এবং রাজ্য হজ কমিটির ব্যবস্থাপনায় এ বছর মোট ৭৪ জন হজযাত্রীএর মধ্যে ৫৫ জন পুরুষ ও ১৯ জন মহিলাসোমবার ২০ এপ্রিল সকালে কলকাতার উদ্দেশ্যে রওনা দেবেন। সেখান থেকেই তারা পবিত্র হজযাত্রায় অংশগ্রহণ করবেন।

এই উপলক্ষে আজ আগরতলার হজ ভবনে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জসিম উদ্দীন, মোবসর আলী-সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।অনুষ্ঠানে হজযাত্রীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয় এবং তাদের নিরাপদ ও সফল যাত্রা কামনা করা হয়।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas